পীতসালকঃ } প্রিয়কঃ। বীজকঃ। অ। পীতশালঃ। পতশালকঃ। পীতসালঃ। শ। *। অপিচ। *। বীজকঃ পীত সারশ্চ পীত সালক ইত্যপি। বন্ধূক পুষ্পঃ প্রিয়কঃ সর্জ্জক শ্চাসনঃ স্মৃতঃ। বীজকঃ কুষ্ঠ বীসর্প শ্বিত্র মেহ গুদক্রিমীন্ হন্তি শ্লেষ্মাস্র পিত্তঞ্চ ত্বচ্যঃ কেশ্যোরসায়নঃ অস্যগুণাঃ অসন শব্দে দ্রষ্টব্যং। ভা।

পীতস্ফটিকঃ—পুং, পুষ্পরাগ মণিঃ। পুখরাজ ভাষা। রা।

পীতসারি—ক্লীং স্রোতাঞ্জনং শ।

পীতা—স্ত্রীং, হরিদ্রা। অ। দারু হরিদ্রা। মহা-জ্যোতিষ্মতী। বড়ী মালকঙ্গুনী হিন্দী ভাষা। কপিল শিংশপা। বন বীজ পূরকঃ। বনু-টাবা ভাষা। প্রিয়ঙ্গুঃ। গোরোচনা। সুবর্ণ কদলী। চাঁপাকলা ভাষা। রা। অতি বিষা। আতইষ ভাষা। শ।

পীতাঙ্গঃ—পুং, শ্যোনাক বৃক্ষ ভেদঃ। সোনা ভাষা। রাজমণ্ডূকঃ। কোলাব্যাঙ্ ভাষা। রা।

পীতাভং—ক্লীং, পীত চন্দনং। কলম্বা ভাষা। ভা।

পীতাম্লানঃ—পুং, হেমগৌর বৃক্ষঃ। রা।

পীতাশ্মা (ন্)—পুং, পুষ্পরাগ মণিঃ। পুখরাজ ভাষা। রা।

পীতিঃ—পুং, অশ্বঃ। ঘোড়া ভাষা। অ।

পীতিকা—স্ত্রীং, হরিদ্রা। র। স্বর্ণযূথীবৃক্ষঃ। সোনাযূঁই ভাষা। জ। দারু হরিদ্রা। মুদ্রাশস্বঃ। *। যথা। পীতিকারুণ নাগশ্চ সাস্যাৎ ব্রণ-নিসূদনী। আ।

পীতিনী—স্ত্রীং, শালপর্ণী। শালপানেরগাছ ভাষা।

পীতী (ন্)—পুং, ঘোটকঃ। অটীরা।

পীতুঃ—পুং, সূর্য্যঃ। অগ্নিঃ। উ।

পীথং—ক্লীং, জলং। হে। ঘৃতং। উ।

পীথঃ—পুং, সূর্য্যঃ। অগ্নিঃ। কালঃ। ত্রি।

পীথিঃ—পুং ঘোটকঃ। অটীম্বা।

পীনঃ—ত্রিং স্থূলঃ। মোটা ভাষা। অ।

পীনসঃ—পুং, প্রতিশ্যায়রোগঃ। সর্দ্দিলাগা ভাষা। অপীনস নাম নাসিকা রোগ বিঃ। *। তৎপর্য্যায়ঃ। *। প্রতিশ্যায়ঃ। অ। অপীনসঃ। প্রতিশ্যাঃ। ভ। নাসিকাময়ঃ। শব্দর। লক্ষণং অপীনস শব্দে দ্রষ্টব্যং।

পীনসা—স্ত্রীং, কর্কটী। কাঁকুড় ভাষা। রা।

পীনস্কন্ধঃ—পুং, মহিষঃ। ভা।

পীপরিঃ—পুং, ক্ষুদ্রপ্লক্ষবৃক্ষঃ। ছোট জাতীয়

পাকুড় ভাষা। রা।
পীয়ুঃ—পুং, কালঃ। ঘূকঃ। পেঁচাপাখী ভাষা। কাকপক্ষী। মে।
পীযূষং—ক্লীং পুং অমৃতং। দুগ্ধং। দুদ্ ভাষা। রা। আসপ্ত রাত্র প্রভবক্ষীরং। যথা। *। আসপ্ত রাত্রং প্রভবং ক্ষীরং পীযূষ মুচ্যতে। গুণাঃ। *। মধুরৌ বৃংহণৌ বৃষ্যৌ তদ্বৎ পীযষ মোরটৌ। সুশ্রু।
পীযূষমহাঃ (স্) } পুং চন্দ্রঃ। শব্দর।
পীযূষরুচিঃ }
পীলকঃ—পুং পিঁপীলিকা। পিপড়ে ভাষা। হে।
পীলুঃ } পুং হস্তী। শব্দর। কোকণ দেশে
পীলুকঃ } প্রসিদ্ধ খরভপ্রিয় ফলবৃক্ষ বিঃ,। পীল্ ইতি ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। গুড়ফলঃ। স্রংসী। অ। পীলুকঃ। শব্দর। শীতসহঃ। ধানী। বিরেচনঃ। ফলশাখী। শ্যামঃ। করভবল্লভঃ। কলভবল্লভঃ। *। অস্যফল গুণাঃ। *। শ্লেষ্ম বায়ু গুল্মনাশি, পিত্তদ, ভেদক, যৎস্বাদু তিক্তং তৎনাত্যুষ্ণং ত্রিদোষ হরম্বক। রা।
পীলুনী—স্ত্রীং মূর্ব্বা। শোঁচমুখী ভাষা। র।
পীলুপত্রঃ—পুং মোরট লতা। রা।
পীলুপর্ণিকা } স্ত্রীং মূর্ব্বা। শোচ মুখী ভাষা।
পীলুপর্ণী } বিম্বিকা। তেলাকুচ ভাষা। রা।
পীবরঃ—ত্রিং স্থূলং। মোটা ভাষা। কূর্ম্মঃ কাছিম ভাষা। জ।
পীবা (ন্)—পুং বলবান্। বায়ুঃ। স্থূলঃ।
পীবা—স্ত্রীং জলং।
পীবরা } স্ত্রীং তরুণী। গোঃ। গরুভাষা।
পীবরী } কে। অশ্বগন্ধা। শতমূলী। রা। শালপর্ণী। ভা। বৃক্ষবিঃ,। উলট কম্বল ভাষা। *। যথা। *। পীবরী যোষিণী সাস্যাং যোনি ব্যাপদ্ বিনাশিনী। রজোদোষ প্রশমনী প্রদরার্শো নিবারিণী। অ।

পু

পুংলিঙ্গং—ক্লীং পুং চিহ্নং। লিঙ্গঃ।
পুংবৃষঃ—পুং ছুছুন্দরী। ছুঁচ ভাষা। শব্দমা
পুংশ্চিহ্নং—ক্লীং লিঙ্গঃ। হে।
পুংসবনং—ক্লীং দুগ্ধং। হে।
পুংস্ত্বং—ক্লীং শুক্রং। তেজ ভাষা। রা।
পুংস্ত্ব বিগ্রহঃ—পুং ভূস্তৃণং। গন্ধ খড় ভাষা
পুকসী—স্ত্রীং কলিকা। নীলী। নীলগাছ ভাষা। মে।
পুঙ্খঃ—পুং কাণ্ডমূলং। পুঙ্খল ভাষা। অ
পুঙ্গবঃ—পুং বৃষঃ। ষাঁড় ভষা। ঋষভ নাম দ্রব্যং। *। বা।
পুচ্ছঃ—পুং, ক্লীং, লাঙ্গুলং। লেজ ভাষা।
পুচ্ছকঃ—পুং, মেষবিঃ,। দুম্ব ভাষা। সুশ্রু
পুচ্ছদা—স্ত্রীং লক্ষ্মণা নাম কন্দঃ। রা।
পুচ্ছী (ন্) পুং অর্কবৃক্ষঃ। আকন্দ ভাষা। রা। কুক্কুট পক্ষী। কুঁকুড় ভাষা। শ।
পুটং—ক্লীং জাতীফলং। জায়ফল ভাষা। রা। ঔষধ পাক পাত্রং। যথা। *। বহদ্ ভাণ্ডে তু যৈঃ পূর্ণে মধ্যে মূষাং বিধারযেৎ। ক্ষিপ্তাগ্নি মুদ্রয়েদ্ ভাণ্ডং তদ্‌ভাণ্ডং পুট মুচ্যতে ভা।
পুটঃ— পুং অশ্বখুরঃ। ঘোঁড়ার খুর ভাষা। গুগ্‌গুলুঃ। রা।
পুটকং—ক্লীং পদ্মপুষ্পং। শব্দর।
পুটকন্দঃ—পুং কোলকন্দঃ। পুটালু ইতি কাশ্মীর দেশীয় ভাষা। রা।
পুটকিনী—স্ত্রীং পদ্মিনী। পদ্মসমূহঃ। হে।
পুটগ্রীবঃ—পুং গর্গরী। তাম্রকুণ্ডঃ।
পুটপাকঃ—পুং ঔষধপাক বিঃ,। *। যথা। *। পুটপাকস্য পাকোঽয়ং লেপস্যাঙ্গার বর্ণতা। লেপঞ্চ দ্ব্যঙ্গুলং স্থূলং কুর্য্যাদ্ দ্ব্যঙ্গুল

মাত্রকং। কাশ্মরী বট জম্বাদি পত্রৈর্বেষ্টন মুত্তমং। ভা।

পুটপাকবিধিঃ—পুং নেত্ররোগ ক্রিয়া বিঃ। ভা।

পুটলোহকং—ক্লীং বর্ত্তলোহং। বিদূরী ভাষা।

পুটালুঃ—পুং কোলকন্দঃ। পুটালু কাশ্মীর দেশীয় ভাষা। রা।

পুটিকা—স্ত্রীং এলা। এলাচ ভাষা। হা।

পুটোদকঃ—পুং নারিকেলঃ। হা।

পুণ্ডরী (ন্) পুং হস্তীনাং মনুষ্যাণাঞ্চ চক্ষুষ্যঃ শালপর্ণী পত্রতুল্যঃ ক্ষুদ্রবিটপঃ। পুণ্ডরিয়া ভাষা।*। তৎপর্য্যায়ঃ।*। পৌণ্ডরীকং। পুণ্ডরীকং। পুণ্ডরীয়কং। প্রপৌণ্ডরীকং। চক্ষুষ্যং। পৌণ্ডর্য্যং। তালপুষ্পকং। সাল-পুষ্পং। দৃষ্টিকৃতং। স্থলপদ্মং। মালকং। কেচিত্তু পূর্ব্ব দশকং পদ্মকাষ্ঠে প্রচক্ষতে। অন্যং প্রপৌণ্ডরীক শব্দে দ্রষ্টব্যং। শব্দর।

পুণ্ডরীকং—ক্লীং পুণ্ডরী নাম বিটপঃ। পদ্মপুষ্পং ভ। শুক্লপদ্মং।*। তৎ পর্য্যায়ঃ।*। সিতাম্ভোজং। অ। শতপত্রং। মহাপদ্মং সিতাম্বুজং। অন্যং শ্বেত পদ্ম শব্দে দ্রষ্টব্যং

পুণ্ডরীকঃ—পুং ব্যাঘ্রঃ। অ। সহকারবৃক্ষঃ। বাজিলসর্পঃ। হে। দমনকবৃক্ষ। দোনা ভাষা। বা। শালিধান্য বিঃ, ভা। স্নব শ্রেণীস্থ পক্ষিবিঃ,। সর্পভেদঃ। পদ্মগোপর ভাষা। শ্বেতবর্ণঃ। কমণ্ডলুঃ। মহাকুষ্ঠান্তর্গত কুষ্ঠ বিঃ,।*। লক্ষণং যথা।*। সশ্বেতং রক্ত পর্য্যন্তং পুণ্ডরীক দলোপমং। সরাগঞ্চৈব সোৎসেধং পুণ্ডরীকং কফোল্বণং। নি।

পুণ্ডরীকমুখী—স্ত্রীং মুদ্গবর্ণা পুণ্ডরীক তুল্য বক্ত্রা নির্ব্বিষা জলৌকা বিঃ,। অন্যং জলৌকা শব্দে দ্রষ্টব্যং। সুশ্রু।

পুণ্ডরীকাক্ষং—ক্লীং প্রপৌণ্ডরীক নাম বিটপঃ। পুণ্ডরীয়া ভাষা। শ।

পুণ্ডরীকাক্ষঃ—পুং জলচর পক্ষি। বিঃ,। চর।

পুণ্ডরীয়কং } ক্লীং প্রপৌণ্ডরীক নাম বিটপঃ।
পুণ্ডর্য্যং } পুণ্ডরীয়া ভাষা। স্থলপদ্মং শব্দমা।

পুণ্ড্রঃ—পুং, ক্রিমিঃ। মে। ইক্ষু ভেদঃ। পুঁড়ী আক ভাষা। অ। অতি মুক্তক নাম পুষ্প বৃক্ষঃ। পুণ্ডরীকং। মে। তিলক নাম পুষ্পবৃক্ষঃ।*হে। ক্ষুদ্র প্লক্ষবৃক্ষঃ। জ।

পুণ্ড্রকঃ } পুং, মাধবীলতা। অ। তিলক পুষ্প
পুণ্ড্রকেক্ষু } বৃক্ষঃ। ইক্ষুভেদঃ। পুঁড়ি আক্ ভাষা। ।*। তৎপর্য্যায়ঃ।*। পুণ্ড্রঃ। অ। রসালঃ। ইক্ষুবাটী। যোনিঃ। ইক্ষুযোনিঃ রসালী। রসদালিকা। কান্তকশালিঃ।*। অস্য গুণাঃ।*। মধুর, শীতল, রুচিকারি মূত্র, পিত্তদাহ হর, বৃষ্য, তেজো বল বিবর্দ্ধনত্বঞ্চ। রা।

পুণ্ড্রকেলিঃ—পুং, হস্তী। হাতি ভাষা। শব্দমা।

পুণ্যগন্ধঃ—পুং, চম্পকপুষ্পবৃক্ষঃ। চাঁপা ভাষা। ত্রি।

পুণ্যতৃণঃ—পুং ক্লীং, কুশঃ। রা।

পুণ্যদর্শনঃ—পুং, চাষপক্ষী। নীলকণ্ঠ ভাষা। রা।

পুণ্যা—স্ত্রীং, তুলসী। গঙ্গা। শব্দর।

পুত্তলকঃ } পুং, তৃণ কাষ্ঠ মৃদধাতু রত্নাদি
পুত্তলিকা } স্ত্রীং, নির্ম্মিত প্রতিমূর্ত্তিঃ। পুঁতুল
পুত্তলী } ভাষা।

পুত্তিকা—স্ত্রীং, মধু মক্ষিকা বিঃ, ।*। তৎ-পর্য্যায়ঃ। পতঙ্গিকা। অ।*। অস্যাকৃতি-র্যথা।*। মহত্যো মক্ষিকাঃ পিঙ্গাঃ পুত্তিকা ইতি কীর্ত্তিতাঃ। অত্যাঃ কৃতং মধু পৌত্তিকং।

পুত্রঃ } পুং, শরভঃ। ফড়িং ভাষা। দ্যুতি
পুত্রকঃ } মুক্তকঃ। রা। সন্তানঃ। ছেলে ভাষা ।*। যথা।*। পুন্নাম্নো নরকাৎ যস্মাৎ পিতরং

ত্রায়তে সুতঃ। তস্মাৎ বৈ ইতি প্রোক্ত স্বয়মেব স্বয়ম্ভু বা। সচ দ্বাদশ বিধঃ।

পুত্রকা, পুত্রিকা — স্ত্রীং কন্যা। মেয়ে ভাষা। শব্দর।

পুত্রকন্দা—স্ত্রীং লক্ষণা নাম কন্দঃ। রা।

পুত্রঘ্নী—স্ত্রীং যোনিরোগ বিঃ, ।*। লক্ষণং যথা। ।*। স্থিতং স্থিতং হন্তিগর্ভং পুত্রঘ্নী রক্ত সংস্রবাৎ। সুশ্রু। অন্যচ্চ ।*। রৌক্ষ্যাদ্ বায়ুর্যদা গর্ভং জাতং জাতং বিনাশয়েৎ দুষ্ট শোণিতজং নার্য্যাঃ পুত্রঘ্নী নাম সামতা চর।

পুত্রজননী— স্ত্রীং লক্ষণা নাম কন্দঃ।

পুত্রজীবঃ, পুত্রজীবকঃ — পুং বকুল পত্র সদৃশ বৃক্ষঃ। জিয়া পুঁতা বঙ্গ, পিতৌ জিয়া ইতিচ হিন্দী ভাষা।*। তৎপর্য্যায়ঃ ।*। গর্ভকরঃ। ভা জীবপুত্রকঃ। অটীর। শ্লীপদাপহঃ। ত্রি। কুমারজীবঃ। পুত্রজীবকঃ। র। পবিত্রঃ গর্ভদঃ। সুত জীবকঃ ।*। অস্য গুণাঃ *। হিম, বৃষ্য, শ্লেষ্ম গর্ভজীব দাতৃ; চক্ষুষ্য পিত্তশমন, দাহতৃষ্ণা নিবারণ ত্বক। রা। ।*। অপিচ ।*। পুত্রজীবো গর্ভকরো ষষ্টীপুষ্পোঽর্থ সাধকঃ। পুত্রজীবো গুরুর্বৃষ্যো গর্ভদঃ শ্লেষ্ম বাত হৃৎ। সৃষ্ট মূত্র মলো রুক্ষো হিমঃ স্বাদুঃ পটুঃ কটুঃ ত্বা।

পুত্রদা—স্ত্রীং, বন্ধ্যাকর্কোটকী। লক্ষণা নাম কন্দঃ। গর্ভদাত্রী ক্ষুপঃ। গর্ভদা ভাষা। রা।

পুত্রদাত্রী— স্ত্রীং, মালবদেশেপ্রসিদ্ধলতাবিঃ ।*। তৎপর্য্যায়ঃ।*। বাতারিঃ। ভ্রমরী। শ্বেত পুষ্পিকা। বৃত্ত পত্রা। অতি গন্ধালুঃ। বেশীজাতা। সুবল্লরী ।*। অস্যাগুণাঃ।*। কটূষ্ণ, বাত কফ নাশি, সুপ্রজি, সর্ব্বদাপথ্য, বন্ধ্যাদোষ নাশিত্বক। রা।

পুত্রপ্রদা—স্ত্রীং, ক্ষীরিকা। রা।

পুত্রভদ্রা—স্ত্রীং, বৃহজ্জীবন্তী। রা।

পুত্র মার্জ্জারী—স্ত্রীং, বৃক্ষভেদঃ। পিতাজীয়া ভাষা

পুত্রশৃঙ্গী—স্ত্রীং, অজশৃঙ্গী। কোঁকা ভাষা। রা।

পুত্রশ্রেণী—স্ত্রীং, মূষিকপর্ণী। ইন্দুরকানী ভাষা।

পুত্রিকা—স্ত্রীং, যাব তুলকঃ। র।

পুত্রিণী, পুত্রী — স্ত্রীং, বন্দা। পরগাছা ভাষা। কন্যা। বৃক্ষ বিঃ। শ। প্রমেহ পিড়কা বিঃ, ।*। লক্ষণং যথা। *। মহত্যল্প চিতা-জ্ঞেয়া পিড়কা সাতু পুত্রিণী। সুশ্রু।

পুদ্গলঃ—পুং, আত্মা। দেহঃ।

পুনঃ পুনা—স্ত্রীং, নদী বিঃ,। পুন্ পুনা ভাষা।

পুনর্ণবঃ—পুং হস্ত নখঃ। নখ ভাষা। রা।

পুনর্ণবা—স্ত্রীং, স্বনামখ্যাত শাক বিঃ। শ্বেত গাঁদাবন্নে ভাষা। সাতু দ্বিবিধা। শ্বেতা রক্তাচ। *। অথরক্ত পুনর্ণবায়াঃ পর্য্যায়ঃ ।*। শোথঘ্নী। বর্ষাভূঃ। প্রাবৃষায়ণী। কঠিল্লকঃ। ।*। শ্বেত পুনর্ণবায়াঃ পর্য্যায়ঃ। ।*। বৃশ্চীরা চিরাটিকা। র। বর্ষাঙ্গী। বর্ষাহ্বী। কে। বিশাখঃ। কঠিল্লঃ। শ। শশিবাটিকা। পৃথ্বী। সিতবর্ষাভূঃ। ঘন পত্রঃ। কঠিল্লকঃ ।*। অস্যাগুণাঃ।*। উষ্ণ, তিক্ত, কফ কাস হৃদ্রোগ শূলাস্র পাণ্ডু শোফানিল নাশি,। রা। ।*। অন্যচ্চ।*। ভেদক, রসায়ন, শ্যাম দুর্ণাম ব্রধ্নোদর নাশি, রাজ।*। অপিচ ।*। পুনর্ণবা শ্বেতমূলা শোথঘ্নী দীর্ঘপত্রিকা। কটুঃ কষায়া রুচ্যর্শঃ পাণ্ডু হৃদ্দীপনীপরা। শোফানিল গরশ্লেষ্ম হরী ব্রধ্নোদর প্রণুৎ। পুনর্ণবাপরা প্রোক্তা রক্ত পুষ্পা শিলাটিকা। শোথঘ্নী ক্ষুদ্রবর্ষাভূ বর্ষকেতুঃ কঠিল্লকঃ। পুনর্ণবাঽরুণা তিক্তা কটুপাকা হিমা লঘুঃ। বাতলা গ্রাহিণী শ্লেষ্ম পিত্তরক্ত বিনাশিনী। অন্যৎ রক্ত

পুনর্ণবা শব্দে দ্রষ্টব্যং। ভা।

পুনর্ভবঃ—পুং, হস্তনখঃ। নখ ভাষা। অ। রক্ত পুনর্ণবা। রা।

পুনর্বহঃ—পুং, নদঃ। হে।

পুন্নাগঃ—পুং, সিতোৎপলঃ। জাতীফলঃ। তিলক পুষ্প বৃক্ষঃ। স্বনাম খ্যাত বৃহৎ পুষ্প বৃক্ষঃ। *। তৎ পর্য্যায়ঃ। *। পুরুষঃ। তুঙ্গঃ। কেশরঃ। দেববল্লভঃ। অ। কেশবঃ। কেসরী। কাম্বোজঃ। নাগপুষ্পঃ। মে। কুম্ভীকঃ। রক্তকেশবঃ। র। পাণ্ডুনাগঃ। শব্দর। পুন্নামা। পাটলদ্রুমঃ। রক্তপুষ্পঃ। রক্ত রেণুঃ। অরুণঃ। অস্য পুষ্প গুণাঃ। *। মধুর, শীত, সুগন্ধি, পিত্তনাশি, ভূরিতো দ্রাবিণ, দেবতা প্রসাদনত্বঞ্চ। রা। অন্যচ্চ। *। কষায় কফ রক্ত নাশি, রাজ। অ-পিচ। *। পুরুষাখ্যো রক্তবৃক্ষঃ পুন্নাগো দেববল্লভঃ। ইতি দ্রব্যাভি।

পুন্নাটঃ
পুন্নাড়ঃ } পুং চক্রমর্দ্দঃ। চাকুন্দে গাছ ভাষা।

পুন্নামা (ন্) পুং পুন্নাগবৃক্ষঃ। ব।

পুপ্ফুলঃ—পুং উদরস্থ বায়ুঃ। ভূ।

পুপ্ফুসঃ—পুং পদ্মবীজাধারঃ। ফোঁপল ভাষা। ফুস্ফুসঃ। ফুলক ভাষা। শ।

পুমান্—পুং পুরুষ জাতিঃ। সুশ্রু।

পুরং—ক্লীং গৃহং। দেহঃ। মে। চর্ম্ম। শব্দমা নাগর মুস্তকং। নাগর মুথ ভাষা রা। শৈলজ নামগন্ধ দ্রব্যং। কে।

পুরঃ—পুং গুগগুলুঃ। অ। পীতপুষ্প ঝিণ্টী ক্ষুপঃ। পীত ঝাঁটী ভাষা। শ।

পুরটং—ক্লীং স্বর্ণং।

পুরণঃ—পুং সমুদ্রঃ। উ।

পুরন্দরং—ক্লীং চবিকং। চই ভাষা। শ।

পুরন্দরা—স্ত্রীং গঙ্গা। হা।

পুরন্ধ্রী—স্ত্রীং নারী। রা।

পুরশ্চদঃ—পুং উলপতৃণং। উলুখড় ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। দর্ভাশপুঃ। সোমপত্রঃ। পবাংপ্রিয়ঃ। শ। উলুপঃ। মে। অন্যৎ উলূক সোমপত্র, স্থূলক শব্দেচ দ্রষ্টব্যং।

পুরা—স্ত্রীং পূর্ব্বদিক্। রা। গন্ধ দ্রব্যবিঃ। মুরামাংসী ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। গন্ধবতী। দিব্যা। গন্ধাঢ্যা। গন্ধমাদিনী। সুরভিঃ। ভূরিগন্ধা। বুটী। গন্ধকুটী। *। অস্যাগুণাঃ। *। তিক্ত, কটু, শীত, কষায়, কফপিত্তাস্র, শ্বাসাস্র বিষ দাহার্ত্তি ভ্রম মূর্চ্ছা তৃষা নাশিত্বং। রা *। অপিচ। *। গন্ধিনী তালপর্ণীতু দৈত্যা গন্ধকুটী মুরা। ইতিদ্রব্যাভি। অন্যং মুরাশব্দে দ্রষ্টব্যং।

পুরাসিনী—স্ত্রীং সহদেবী। বলা ভেদ ভাষা। রা

পুরাহ্বয়ঃ—পুং গুগগুলুঃ।

পুরীতৎ—পুং ক্লীং অন্ত্রং। আঁতড়ী ভাষা।

পুরীমোহঃ—পুং ধুস্তূরঃ। ধুৎর ভাষা। শব্দর।

পুরীষং—ক্লীং বিষ্ঠা। গু ভাষা। অ। জলং।

পুরীষণং—ক্লীং পুং বিষ্ঠা। ত্রি।

পুরীষমঃ—পুং মাষঃ। ত্রি।

পুরুদংশকঃ—পুং হংসপক্ষী হাঁস ভাষা।

পুরুভোজাঃ (স্)—পুং মেষং। ইতিবেদনির্ঘণ্টঃ

পুরুষঃ—পুং পুরুষজাতিঃ। পুন্নাগপুষ্পবৃক্ষঃ। মে। মোরটঃ। ক্ষীর মোরটালতা ভাষা। তিলকপুষ্পবৃক্ষঃ। রা। কুম্ভীরঃ। কুমীর ভাষা। পারদঃ। পারা ভাষা। তুঙ্গঃ। কে

পুরুষত্বং—ক্লীং পুংস্ত্বং।

পুরুষদন্তিকা—স্ত্রীং মেদা। রা।

পুরুষ পুণ্ডরীকঃ—পুং পুরুষজাতীয় ব্যাঘ্রঃ।

পুরুষাখ্যঃ—পুং পুন্নাগ পুষ্পবৃক্ষঃ।

পুরোগতিঃ—পুং কুক্কুরঃ। কুকুর ভাষা। ধ।

পুরোডাঃ (শ্)—পুং হুতং। মুগ্ধবোধে।

পরোডাশঃ—পুং হবির্ভেদঃ। যবচূর্ণ নির্ম্মিত রোটী। পিষ্টক চমসী। মে। সোমরসঃ। হে।

পুরোতী—স্ত্রীং স্বনামখ্যাত বৃক্ষঃ। সুদর্শনা ইতিকেচিং।

পুরোদ্ভবা—স্ত্রীং মহামেদা। র।

পুলঃ } পুং রোমাঞ্চঃ। রোঁয়া শিউরন ভাষা
পুলকঃ } ত্রি। প্রস্তর বিঃ,। কে। হরিতালং। হস্তেল ভাষা। কটিপ্রোথঃ। পোঁদের পেলা ভাষা। ইতিরভসঃ। [ভাষা। রা।

পুলকং—ক্লী কঙ্কুষ্ঠং। পার্ব্বতীয় মাটী ভেদ

পুলকী (ন্)—পুং, ধারাকদম্বপুষ্পবৃক্ষঃ। রাধা কদম্ ভাষা। রা।

পুলাকঃ } পুং, ক্লীং, তুচ্ছধান্যং। আগড়া,
পুলাকজং } চীটে ইতিচ ভাষা। ভক্তসিক্থকং। ভাতের মাড় ভাষা। অ।

পুলাকী (ন্)—পুং, বৃক্ষঃ। গাছ ভাষা। হে।

পুলিনং—ক্লীং, তোয়োত্থিত তটং। চর, চড়া ইতিচ ভাষা। দ্বীপঃ। চতুর্দ্দিক জল বিশিষ্ট চড়া ভাষা। ত্রি।

পুষা—স্ত্রীং, লাঙ্গলকী। ঈশ লাঙ্গলা ভাষা। শ।

পুষ্করং—ক্লীং জলং। পদ্মপুষ্পং। কুষ্ঠৌষধং কুড় ভাষা। অ। রসাঞ্জনং। বৈ। কন্দবিষ ভেদঃ। *। পুষ্করং পুষ্করাকারং। ইতিবস চন্দ্রিকা।

পুষ্করঃ—পুং, সারসপক্ষী। রোগ বিঃ। মে।

পুষ্করজটা—স্ত্রীং, পুষ্কর মূলং। রা।

পুষ্কর নাড়ী } স্ত্রীং স্থল পদ্মিনী। স্থলপদ্ম
পুষ্কর পর্ণিকা } ভাষা। রা।

পুষ্কর মূলং } ক্লীং, কাশ্মীর দেশে পুষ্কর
পুষ্কর মূলকং } সরোবরে প্রসিদ্ধৌষধিবিঃ পোহকুর্ম্মূল্ হিন্দী ভাষা। অস্যস্থনে কুষ্ঠং যোজয়ন্তি। *। তৎপর্য্যায়ঃ।*। পদ্মবর্ণকং।জ। পদ্মপর্ণং। পদ্মপত্রকং। মূলং। পুষ্করং পদ্মপর্ণকং। পুষ্করিণী। বীরং পৌষ্করং। পুষ্করাহ্বয়ং। কাশ্মীরং। ব্রহ্মতীর্থং। শ্বাসারিং। মূল পুষ্করং। পুষ্করজটা পুষ্করশিফা।*। অস্য গুণাঃ।*। কটু,তিক্ত, উষ্ণ, কফ বাত জ্বর শ্বাসারোচক কাস শোফ পাণ্ডুরোগ নাশি, অন্যং কুষ্ঠ শব্দে দ্রষ্টব্যং। রা। [সুশ্রু।

পুষ্করবীজং—ক্লীং, পদ্মবীজং। ফোঁপল ভাষা।

পুষ্কর শায়ী (ন্) পুং } প্লবচর পক্ষিবিঃ। সুশ্রু।
পুষ্কর শায়িকা স্ত্রীং }

পুষ্করশিফা—স্ত্রীং পুষ্কর মূলং। রা।

পুষ্করাখ্যং } ক্লীং, পুষ্কর মূলং। কুষ্ঠৌষধং
পুষ্করাহ্বং } কুড় ভাষা। রা।

পুষ্করাহ্বঃ—পুং, সারস পক্ষী। অ।

পুষ্করাহ্বয়ং—ক্লীং পষ্কর মূলং। রা।

পুষ্করিকা—স্ত্রীং, শূকদোষ পিড়কা।*। লক্ষণং যথা।*। পিত্ত শোণিত সম্ভূতা পিড়কা পিড়কা চিতা। পদ্ম পুষ্কর সংস্থানা জ্ঞেয়া পুষ্করিকে তিসা। সুশ্রু।

পুষ্করিণী—স্ত্রীং, স্থলপদ্মিনী। স্থলপদ্ম ফুল ভাষা। পুষ্কর মূলং। রা। হস্তিনী। সরোজিনী। জলাশয়ঃ। মে। শতধনুঃ পরিমিত সম চতুরস্র জলাশয়ঃ। পুকুর ভাষা।*। তৎপর্য্যায়ঃ।*। খাতং। অ। জলকূপঃ। জ। পৌষ্করিণী শব্দশ্চ।

পুষ্করী (ন্)—পুং, হস্তী। ত্রি।

পুষ্কলং—ক্লীং,অষ্টকুঞ্চিপরিমাণং। ইতি প্রায়শ্চিত্তে।

পুষ্টিঃ—স্ত্রীং, পোষণং। পোষায় ভাষা। মে। অশ্বগন্ধা। রা। বৃদ্ধি নামৌষধং। কে।

পুষ্টিকা—স্ত্রীং শম্বুকঃ। শামুক ভাষা। রা।

পুষ্টিদা—স্ত্রীং অশ্বগন্ধা। বৃদ্ধিনা মৌষধিঃ। রা।

পুষ্পং—ক্লীং স্ত্রীরজঃ। হে। গ্রন্থিপর্ণং। গেঁটেলা ভাষা। কে। প্রসূনং। ফুলভাষা। তৎ-

পর্য্যায়ঃ। *। প্রসূনং। কুসুমং। সুমনসঃ।অ। সূনং। প্রসবঃ। সুমনঃ। শব্দর।

পুষ্পকং—ক্লীং রীতিপুষ্পকং। কুসুমাঞ্জন ভাষা। রসাঞ্জনং। লৌহং। কাংস্যং। নেত্ররোগঃ। ফুলিপড়া ভাষা। রত্নকঙ্কণং। মে। কাসীসং। হে।

পুষ্পকঃ—পুং ধান্বরিঃ,। সুশ্রু। নির্বিষ সর্পবিঃ,।

পুষ্পকাসীসং—ক্লী, পীতবর্ণকাসীসভেদঃ। তত্তু ভস্মবৎ। *। তৎপর্য্যায়ঃ। *। নয়নৌষধং। কংসকং। নেত্রৌষধং। হে।বংসকং। মলীমসং। হ্রস্বং। বিষদং। নীলমৃত্তিকা।*। অস্য গুণাঃ।*। তিক্ত, শীত, নেত্রময়াপহ, লেপনে পামা-কুষ্ঠাদি ত্বগ্ দোষ নাশি, অন্যৎকাশীশ শব্দে দ্রষ্টব্যং। রা। [ত্রি।]

পুষ্পকীটঃ—পুং ভ্রমরঃ। ভোমরা পোকা ভাষা।

পুষ্পকেতুঃ—পুং কুসুমাঞ্জনং। অ।

পুষ্পগন্ধঃ—পুং পবনালঃ। দেধান ভাষা। বা।

পুষ্পঘাতকঃ—পুং বংশঃ। বাঁশ ভাষা। শব্দমা।

পুষ্পচামরঃ—পুং দমনকবৃক্ষঃ। দোনা ভাষা। ত্রি। কেতকবৃক্ষঃ। কেয়া ভাষা। রুদ্রাক্ষঃ। শব্দর।

পুষ্পজঃ—পুং পুষ্পদ্রবঃ। যা।

পুষ্পদঃ—পুং বৃক্ষঃ। হে।

পুষ্পদ্রবঃ
পুষ্পনির্য্যাসকঃ } পুং পুষ্পরসঃ। *। তৎপর্য্যায়ঃ। *। পুষ্পসারঃ। পুষ্পস্বেদঃ। পুষ্পজঃ। পুষ্পনির্য্যাসকঃ। পুষ্পাম্বুজঃ। ।*। অস্য গুণাঃ।*। সুরভি, শীত, কষায়, গোলা, দাহ ভ্রমার্ত্তি বমি মোহ মূর্খামষ তৃষ্ণার্ত্তি পিত্ত কফ দোষ চিত্তরোচক নাশি, সর, সন্তর্পণত্বকৃ। রা।

পুষ্পলিক্ষঃ
পুষ্পন্ধয়ঃ } পুং ভ্রমরঃ। শ।

পুষ্পপথঃ—পুং যোনিঃ। ত্রি।

পুষ্পপাণ্ডঃ—পুং মণ্ডলী জাতীয় সর্প বিঃ,

পুষ্পফলং—ক্লী কুষ্মাণ্ডং। ভা।

পুষ্পফলঃ—পুং কপিত্থঃ। কৎবেল ভাষা। অ। কুষ্মাণ্ডঃ। শব্দমা।

পুষ্পফলোদ্ভবঃ—পুং কুষ্মাণ্ডঃ। কুমড় ভাষা। চক্র।

পুষ্পমঞ্জরিকা—স্ত্রীং ইন্দ্রচিভিট লতা। রা।

পুষ্পমাসঃ—পুং বসন্তকালঃ। রা।

পুষ্পবৃক্ষঃ পুং সূর্য্যমণি পুষ্পবৃক্ষঃ। শ।

পুষ্পরসঃ—পুং পুষ্পদ্রবঃ। অ।

পুষ্পরসাহ্বয়ং
পুষ্পরসোদ্ভবং } ক্লীং মধু। রা।

পুষ্পরাগঃ
পুষ্পরাজঃ } পুং পীতবর্ণমণি বিঃ,। পুখরাজ পারস্য ভাষা। *। তৎপর্য্যায়ঃ।*। মঞ্জুমণিঃ। বাচষ্পতি বল্লভঃ। ভা। পীতঃ পীতস্ফটিকঃ। পীতরক্তঃ। পীতাশ্মা। গুরুরত্নং। পীতমণিঃ। পুষ্পরাজঃ।*। অস্য গুণাঃ।*। অম্ল, শীত, বাতনাশি, দীপনত্বকৃ। রা *

পুষ্পরেণুঃ—পুং পরাগঃ। ফুলের রেণু ভাষা। শব্দর। [ত্রি।

পুষ্পরোচনঃ—পুং নাগকেশরঃ। নাগেশ্বর ভাষা।

পুষ্পলিট্ (হ)—পুং ভ্রমরঃ। অ।

পুষ্পবতী—স্ত্রীং, রজস্বলা স্ত্রী। অ।

পুষ্পশূন্যঃ—পুং, উডুম্বর বৃক্ষঃ। যগডুম্বুর ভাষা।

পুষ্পসময়ঃ
পুষ্পসাধারণঃ } পুং বসন্তকালঃ। অ।

পুষ্পসারঃ—পুং, পুষ্পদ্রবঃ। রা।

পুষ্পসিতা—স্ত্রীং, সিতোপলা। মিশ্রি ভাষা।

পুষ্প সৌরভা—স্ত্রীং, কলিকারী। ঈষ লাঙ্গলা ভাষা। রা।

পুষ্পস্বেদঃ—পুং, পুষ্পদ্রবঃ। রা।

পুষ্পহাসা—স্ত্রীং, রজঃস্বলা স্ত্রী। শব্দর।

পুষ্পহীনা—স্ত্রীং, পুং রজঃস্বলা স্ত্রী। হে। উড়ুম্বর বৃক্ষঃ। শ।

পুষ্পা—স্ত্রীং, কর্ণপুরী। ভাগল পুর ভাষা। ত্রি।

পুষ্পাখ্যং—ক্লীং, পুষ্পকাসীসং। চক্র।

পুষ্পাঞ্জনং—ক্লীং, অঞ্জন বিঃ,।*। তৎপর্য্যায়ঃ। *। পুষ্পকেতুঃ। কৌসুম্ভং। কুসুমাঞ্জনং। রীতিকং। রীতিপুষ্পং। পৌষ্ককং।*। অস্যগুণাঃ।*। হিম, পিত্ত, হিক্কাস্র দাহবিষ কাসার্ত্তি সর্ব্ব নেত্রাময় নাশি, অন্যং সদঞ্জন শব্দে দ্রষ্টব্যং। রা।

পুষ্পাশুকঃ—পুং, শালিধান্য বিঃ। ভা।

পুষ্পাম্বুজঃ—পুং, পুষ্পদ্রবঃ। বা।

পুষ্পাসবং—ক্লীং, মধু।

পুষ্পাহ্বা—স্ত্রীং শত পুষ্পা। শল্ফ ভাষা। রা।

পুষ্পিকা—স্ত্রীং, দন্তমলং। দাঁতের ছাতা ভাষা। হা। লিঙ্গমলং। হে।

পুষ্পিতা—স্ত্রীং, রজঃস্বলা স্ত্রী। জ।

পুষ্পী—পুং স্ত্রীং যোনিঃ। শব্দর।

পুষ্যলকঃ
পুষ্যালকঃ } গন্ধমৃগঃ। খাটাস ভাষা। মে।

পুস্তশিম্বী
পুস্তকশিম্বী } স্ত্রীংং, শিম্বী। শিম্ ভাষা।

পূ।

পূগং—ক্লীং, পূগফলং। শুপরি ভাষা। অটীরা।

পূগঃ—পুং গুবাক বৃক্ষঃ। শুপরি গাছ ভাষা। অ। কণ্টকি বৃক্ষঃ। শব্দর। তূলং। ভা।

পূগপাত্রং
পূগপীঠং } পাত্র বিঃ। পীক্‌দান ভাষা। হা।

পূগফলং, ক্লীং গুবাক ফলং। শুপুরি ভাষা। রা।

পূগরোটঃ—পুং হিন্তালবৃক্ষঃ। হেঁতাল ভাষা ত্রি।

পূগলকঃ—পুং, বল্মীকঃ। উইঢিপী ভাষা শব্দর।

পূগবৃক্ষঃ পুং
পূগী (ন্) পুং } গুবাকবৃক্ষঃ শুপরিগাছ ভাষা। রা।

পূগীফলং,—ক্লীং, গুবাকফলং। শুপরি ভাষা। রা।

পূতঃ—পুং, শঙ্খঃ। শাঁখ ভাষা। শ্বেতকুশঃ। বিকঙ্কতবৃক্ষঃ। বুঁচ ভাষা। র।

পূতগন্ধঃ—পুং, বর্ব্বরঃ। বাবুই ভাষা। রা।

পূততৃণঃ—পুং, শ্বেতকুশঃ। রা।

পূতদ্রুঃ—পুং, পলাশ পুষ্পবৃক্ষঃ। রা।

পূতধান্যং ক্লীং, তিলঃ। রা। যবঃ।

পূতনা স্ত্রীং, হরীতকী। অ। সিন্ধুদেশজা স্বল্প ত্বক্ বৃহদস্থি লেপনে প্রশস্তা হরীতকী। রাজ। গন্ধমাংসী। জটা মাংসী ভেদ ভাষা। রা। বালগ্রহ বিঃ।*। তদ্‌গ্রহ পীড়িত বালকস্য লক্ষণং যথা।*। স্রস্তাঙ্গঃ স্বপিতিমুখং দিবানরাত্রৌ বিত্ত্‌ ভিন্নং স্বজতিচ কাকতুল্য গন্ধিঃ। ছর্দ্দার্ত্তো হৃষিত তনুরুহঃ কুমারস্তৃষ্ণালুর্ভবতিচ পূতনা গৃহীতঃ। সুশ্রু।*। অন্যচ্চ। তৃতীয়ে দিবসে মাসে বর্ষেবা গৃহ্লাতি পূতনা নাম মাতৃকা। তয়া গৃহীত মাত্রেণ প্রথমং ভবতি জরঃ। গাত্রমুদ্ বেজয়তি স্তন্যং নগৃহ্লাতি দৃষ্টিং বধ্নাতি ক্রন্দতি উর্দ্ধং নিরীক্ষতে। ইতি চক্রদত্তঃ।

পূতফলঃ—পুং পনসঃ। কাঁঠাল ভাষা। বা।

পূতরগঃ—পুং যজ্ঞোড়ুম্বরঃ। যগ ডুমুর ভাষা। পলাশঃ।

পূতা—স্ত্রীং দূর্ব্বা। নীলদূর্ব্বা। রা।

পূতি—ক্লীং রোহিষতৃণং। গন্ধ খড় ভাষা। রা।

পূতিঃ—স্ত্রীং দুর্গন্ধঃ। অটী। খট্টাশমুষ্কং। খাটাশী ভাষা।*। রাজ।

পূতিকং—ক্লীং বিষ্ঠা। গু, ভাষা। রা।

পূতিকঃ—পুং করঞ্জ বিঃ, ডহর ভাষা। নাটাক রঞ্জঃ। অ। লোমশমার্জারঃ। গন্ধগোকুল ভাষা। হে।

পূতিকজঃ—পুং মার্জারী। রা।

পূতিকরজঃ
পূতিকরঞ্জঃ } করঞ্জ বিঃ,। নাটা বঙ্গভাষা কট করেজ। হিন্দি ভাষা।*। তৎ

পর্য্যায়ঃ।*। প্রকীর্য্যঃ। পূতিকরজঃ। পূতীকরজঃ। পূতিকঃ। পূতীকঃ। কলিকারকঃ। কলিমালকঃ। কলহনাশনঃ। অ। কলিমারকঃ। অটী। প্রকীর্ণঃ। রজনীপুষ্পঃ। সুমনাঃ। পুতিকর্ণকঃ। কৈডর্য্যঃ। কলিমাল্যঃ *। অস্যগুণাঃ।*। কটু, তিক্ত, উষ্ণ, বিষ বাতার্ত্তি কণ্ডু, বিচর্চ্চিকা কুষ্ঠ স্পর্শ ত্বগ্‌দোষ নাশি,। অন্যৎ করঞ্জ শব্দে দ্রষ্টব্যং। রা।*। অথকটু করঞ্জ ঘোরা করঞ্জ নাম গুণাঃ করঞ্জো নক্ত মালশ্চ করজ শ্চির বিল্বকঃ। ঘৃতপূর্ণঃ করঞ্জো ২ন্যঃ প্রকীর্য্যঃ পূতিকো পিচ। সচোক্তঃ পুতি করজঃ সোমবল্কশ্চ সম্যতঃ। করঞ্জঃ কটুকস্তীক্ষ্ণো বীর্য্যেষ্ণো যোনি দোষ হৃৎ। কুষ্ঠোদাবর্ত্ত গুল্মার্শো ব্রণ কৃমি কফাপহঃ। তৎপত্রং কফবাতার্শঃ ক্রিমিশোথ হবং পরং। ভেদনং কটুকং পাকে বীর্য্যোষ্ণং পিত্তলং লঘু। তৎফলং কফবাতঘ্নং মেহার্শঃ ক্রিমিকুষ্ঠজিৎ। ঘৃতপূর্ণকরঞ্জো২পিকরঞ্জসদৃশো গুণৈঃ। অন্যৎ করঞ্জ, শীঘ্রজন্মা শব্দেচদ্রষ্টব্যং। ভা।

পূতিকর্ণঃ, পূতিকর্ণকঃ } পুং কর্ণরোগ বিঃ। লক্ষণং যথা।*। অবেদনো বা প্যথবা। সবেদনো ঘনং স্রবেৎ পূতি সপূতি কর্ণকঃ সুশ্রু।*। অন্যচ কর্ণ বিদ্রধি পাকাদ্বা সকর্ণোবারি পুরাণাৎ। পূয়ং স্রবতি যৎ পূতি সজ্ঞেয়ঃ পুতিকর্ণকঃ ভা।

পূতিকর্ণিকঃ—পুং পুতিকরঞ্জঃ। বা।

পূতিকা—স্ত্রীং মার্জ্জারী। বিড়ালী ভাষা। উপোদকী। পুঁই শাক ভাষা। অটী। মধুমক্ষিকা বিঃ,। তস্যাঃ কৃতংমধু, পৌত্তিকং। ভা।

পূতিকামুখঃ—পুং শম্বুকঃ। শামুক্‌ভাষা। শব্দমা

পূতিকাষ্ঠং, পূতিকাষ্ঠকং } ক্লীং দেবদারু। সরলকাষ্ঠং। অ।

পূতিগন্ধং—ক্লীং রঙ্গং। রাং ভাষা। রা।

পূতিগন্ধঃ—পুং দুর্গন্ধঃ। গন্ধকঃ। ইঙ্গুদীবৃক্ষঃ। রা।

পূতিগন্ধিকঃ—পুং দুর্গন্ধঃ। হে।

পূতিগন্ধা, পূতিগন্ধিকা } স্ত্রীং বাগুজী। সোমরালভাষা। রা। প্রসারণী। গন্ধভাদলা ভাষা।

পূতিঘাসঃ—পুং পর্ণমৃগবিঃ,। সুশ্রু।

পূতিতৈলা—স্ত্রীং জ্যোতিষ্মতীলতা। লওয়াফটকী ভাষা। র।

পূতিনস্যঃ, পূতিনাসঃ } পুং নাসারোগভেদঃ। *। লক্ষণং যথা। *। দোষৈ বিদ গ্ধৈর্গল তালুমূলে সংবাসিতোযস্য সমীরণস্য। নিরেতি পূতির্মুখ নাসিকাভ্যাংতংপূতিনস্যং প্রবদন্তি রোগং। সুশ্রু।

পূতিপত্রঃ—পুং শ্যোনাকভেদঃ। রা।

পূতিপত্রিকা—স্ত্রীং প্রসারণীলতা। গন্ধভাদলা ভাষা।

পূতিপর্ণঃ, পূতিপর্ণিকঃ } পুং পূতিকরঞ্জঃ। নাটাভাষা। রা।

পূতিপর্ণী—স্ত্রীং প্রসারণী। গন্ধভাদলা ভাষা।

পূতিপল্লবা—স্ত্রীং রাজগুষবী।

পূতিপুষ্পঃ—পুং তাপসপ্রিয়ঃ। প্রিয়ালভাষা।

পূতিপুষ্পিকা, পূতিপুষ্পী } স্ত্রীং মাতুলুঙ্গা। মাখুরলেবু, মৌটাবা ইতি চ ভাষা। র।

পূতিফলা, পূতিফলিকা, পূতিফলী } স্ত্রীং সোমরাজী। সোমলভাষা। রা।

পূতিময়ুরিকা—স্ত্রীং অজগন্ধাবৃক্ষঃ। বর্ব্বরী,

পূতিমেদঃ—পুং, অরিমেদবৃক্ষঃ। গুয়ে বাবলা ভাষা। রা।

পূতিবাতঃ—পুং বিল্ববৃক্ষঃ। বেলভাষা। র।

পূতিবৃক্ষঃ—পুং শ্যোনাকবৃক্ষঃ। শোণাভাষা।

পূতিশাকঃ—পুং বকপুষ্প বৃক্ষঃ।

পূতিশারিজা—স্ত্রীং খট্টাশী। ত্রি।

পূতীকঃ—পুং পূতিকরঞ্জঃ। অটী। গন্ধমার্জ্জারঃ। গন্ধ গোকুল ভাষা। রা।

পূতীকরজঃ / পূতীকরঞ্জঃ — পুং পূতিকরঞ্জঃ। নাটা ভাষা। র।*। অস্যাঃ পত্রগুণাঃ।*। শোফঘ্নং মুষ্কবীর্য্যস্তু পত্রং পূতি করঞ্জজং সুশ্রুত।

পূতীকা—স্ত্রীং পূতিকা। পুঁই ভাষা। অটী।

পত্যণ্ডঃ—পুং গন্ধকীটঃ। গেঁধো পোকাভাষা। কস্তুরীমৃগঃ। মে।

পূপঃ—পুং পিষ্টকঃ। পিটে ভাষা। অ।

পূপলা / পূপলিকা / পূপালী / পূপিকা — স্ত্রীং পোলিকা। পুলীভাষা। ত্রি।

পূয়ং / পূয়নং — ক্লীং পক্বব্রণাদি সম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃতরক্তং। পুঁয ভাষা।*। তৎ পর্য্যায়ঃ।*। ক্ষতজং। মলজং। পূয়নং। প্রসিতং। শ।দুষ্যং। মে।*। অথ পূয-বর্দ্ধন দ্রব্যং যথা।*। তক্রাদ্যৈর্ন্নব ধান্যাদি র্যোঽয়ং বর্গ উদাহৃতঃ। দোষ সংজননো-হেয বিজ্ঞেয়ঃ পূয় বর্দ্ধনঃ। সুশ্রুত।

পূয়রক্তঃ—পুং নাসারোগভেদঃ।*। লক্ষণং যথা।*। দোষৈ বিদগ্ধৈ রথবাপি জন্তোর্ললাট দেশে ঽভিহতস্য তৈস্তু। নাসাস্রবেৎ পূয় মসৃক্ বিমিশ্রং তংপূয়রক্তং প্রবদন্তিরোগং। সুশ্রুত।*।

পূয়ারিঃ—পুং নিম্ববৃক্ষঃ। নিম্ ভাষা। শ।

পূয়শোনিতঃ—পুং পূয়রক্তরোগঃ। সুশ্রুত।

পূয়ালসঃ—পুং নেত্ররোগান্তর্গত সন্ধিগত রোগঃ।*। লক্ষণং যথা।*। পক্বঃশোফঃ সন্ধিজঃ সংস্রবেদ্যঃ সান্দ্রং পূয়ং পূতি পূয়ালসঃ সঃ। সুশ্রুত। অন্যচ্চ।*। শোথ-স্ত্রেকসমাবিষ্টং তোদভেদ সমাকুলং। পূয়ালসন্ত তং বিদ্যাৎ সন্ধোকনি নিকাং নৃণাং। বিজ।

পূরং—ক্লীং দাহাগুরু। রা।

পূরঃ—পুং বীজপূরঃ। টাবালেবু ভাষা। ব্রণ-সংশুদ্ধিঃ। খাদ্যবিঃ,। মে।

পূরকঃ—পুং বীজপূরঃ। রা। বৃন্দারকঃ। বিতাবক ভাষা। কে। [শব্দর।

পূরণং—ক্লীং বৃষ্টিঃ। কুটন্নটং। কেউটে মুথ ভাষা।

পূরণঃ—পু সেতুঃ। সমুদ্রঃ।

পূরণী—স্ত্রী শাল্মলী। শিমুলগাছ ভাষা। অ।

পূরাম্লং—ক্লী বৃক্ষাম্লং। তেঁতুল ভাষা। রা।

পূরিকা—স্ত্রীং পিষ্টকভেদঃ। পূরী, কচুরী ইতিচ ভাষা।।*। অস্যাঃ পাকপ্রণালী যথা।*। মাসাণাং পিষ্টিকাং যুক্তাল্লবণাদ্র্ক হিঙ্গুভিঃ। তয়া পিষ্টিকয়া পূর্ণা সমিতা কৃত পোলিকা। তত স্তৈলেন পক্কাসা পূরিকা কথিতাবুধৈঃ। রুচ্যাস্বাদ্বী গুরুঃ স্নিগ্ধাবলা। পিত্তাস্র দূষিকা। চক্ষুস্তেজো হরী চোষ্ণা পাকে বাতবিনাশিনী। তথৈব ঘৃতপক্কাপি চক্ষুস্যা রক্তপিত্তহৃৎ। ভা।

পূর্ণকঃ—পুং—স্বর্ণচূড়পক্ষী। মে।

পূর্ণকোষ্ঠসংজ্ঞা / পূর্ণকোষ্ঠা — স্ত্রীং নাগরমুস্তা। নাগর মথভাষা। রা।

পূর্ণপর্ণী—স্ত্রীং পৃশ্নিপর্ণী। চাকুলে ভাষা।

পূর্ণবীজঃ—পুং বীজপূরঃ। টাবালেবু ভাষা।

পূর্ণিকা—স্ত্রীং নাসাছিন্নীনামক পক্ষী। ত্রি।

পূর্ব্বগঙ্গা—স্ত্রী নর্ম্মদানদী। হে।

পূর্ব্বমারুতঃ—পুং পূর্ব্বাদিক্‌ভববায়ুঃ। পূবে বাতাস ভাষা।*। অস্যগুণাঃ।*। পূর্ব্বঃ সুমধুরঃ স্নিগ্ধোলবণশ্চৈব মারুতঃ। গুরু র্ব্বিদাহজননো রক্তপিত্তাভিবর্দ্ধনঃ। ক্ষতা নাং বিষজুষ্টানাং ব্রণিনঃ শ্লেষ্মলাশ্চযে। তেষামেব বিশেষেণ সদারোগ বিবর্দ্ধনঃ।

বাতলানাং প্রশস্তশ্চ শ্রাম্মানাং কফশোষিণাং তেষামেব বিশেষেণ ব্রণক্লেদ বিবর্দ্ধনঃ। সুশ্রুত।

পূর্ব্বরূপং—ক্লীং পূর্ব্বলক্ষণং।*। যথা।*। উৎপিৎসু রাময়োর্দোষ বিশেষেণানধিষ্ঠিতঃ। লিঙ্গমব্যক্ত মল্পত্বাদ্ ব্যাধীনাং তদ্‌যথা, যথং। নি।*। অন্যচ্চ।*। পূর্ব্বরূপন্তু তদ্‌যেন বিদ্যাদ্ ভাবিনমাময়ং। সামান্যঞ্চ বিশিষ্টঞ্চদ্বিবিধং। তদ্যদাক্সতং। সামান্যংতত্র দোষাণাং বিশেষৈ রনধিষ্ঠিতং। বিশিষ্ট মীষদ্ ব্যক্তংস্যাদ্ বিশেষৈশ্চ সমন্বিতং। পূর্ব্বরূপং বিশিষ্টং স্যাদব্যক্তং তৎলক্ষণং স্মৃতং। সংস্থানং লিঙ্গংচিহ্নঞ্চ ব্যঞ্জনং রূপমাকৃতিঃ। ভা।

পূর্ব্ববায়ুঃ—পুং পূর্ব্বমারুতঃ।

পূর্ব্বা—স্ত্রীং পূর্ব্বদিক্।*। তৎপর্য্যায়ঃ।*। প্রাচী। পুরা। মঘোনী। ঐন্দ্রী। মাঘবতী। বা।

পূর্ব্বাহ্নঃ—পুং দিবসপ্রথমদশদণ্ড কালঃ ইতি শ্রুতিঃ।

পূর্ব্বেদ্যুঃ (স) ব্য পূর্ব্বাদিনং। অ। প্রাতঃ কালঃ। মে।

পূষঃ } পুং ব্রহ্মাদারুবৃক্ষঃ। তুঁতভাষা। অ।
পূষকঃ }

পূষা (ন)—পুং সূর্য্যঃ। অ।

পৃ

পৃক্কা—স্ত্রীং শাকবিঃ,। পিড়িঙ বঙ্গভাষা। পুরী হিন্দীভাষা।*। তৎপর্য্যয়ঃ।*। মরুন্‌মালা। পিশুনা। দেবী। লজ্জা। লঘুঃ। সমুদ্রান্তা। বধূঃ। কোটিবর্ষা। লঙ্কায়িকা। অ। লঙ্কাপিকা। লঙ্কারিকা। শঙ্কর। লতামরুৎ। ত্রি। ব্রাহ্মণী। ভা। কুটিলা। দেবপুত্রিকা। সমুঃ। মালালিকা। মালানী। লঘ্বী। পঞ্চগুপ্তিরসা। সমুদ্রকান্তা। মরুৎ। মালা। স্পৃক্কা। কোটী। বর্ষা। লঙ্কোপিকা। বর্ষালঙ্কায়িকা। অটী। তস্করঃ। চোরকঃ। চণ্ডঃ। র। দেবপুত্রী। অ।*। অস্যাগুণাঃ।*। পাকেমধুর, হৃদ্য পিত্তকফ নাশি, রাজ।*। অপিচ।*। স্পৃকাস্বক্ ব্রাহ্মণী দেবী মরুন্মালা লতালঘুঃ। সমুদ্রান্তা বধূঃকোটি বর্ষা লঙ্কোপিকেত্যপি। স্পৃক্কা স্বাদ্বী হিমাবৃষ্যা। তিক্তা নিখিল দোষনুৎ। কুষ্ঠকুণ্ড বিষস্বেদ দাহাস্র জ্বর রক্তনুৎ। ভা।

পৃথক্‌ত্বচা—স্ত্রীং মূর্ব্বা। শোচমুখী ভাষা।

পৃথক্‌পর্ণী—স্ত্রীং পৃশ্নিপর্ণী। চাকুলেভাষা। অ।

পৃথক্‌বীজঃ—পুং ভল্লাতকঃ। ভেলা ভাষা। রা।

পৃথবী—স্ত্রী পৃথিবী। ভ।

পৃথাজঃ—পুং অর্জ্জুনবৃক্ষঃ। আজনগাছ ভাষা। রা।

পৃথিকা—পুং শতপদী। কেন্নভাষা। শব্দমা।

পৃথিবিঃ } স্ত্রীং কৃষ্ণজীরকঃ। কেলেজীরে ভাষা। ভূমিঃ। তৎপর্য্যায়ঃ।*।
পৃথিবী }

ভূঃ। ভূমিঃ। অচলা। অনন্তা। রসা। বিশ্বম্ভরা। স্থিরা। ধরা। ধরিত্রী। ধরণী। ক্ষোণী। জ্যা। কাশ্যপী। ক্ষিতিঃ। সর্ব্বংসহা। বসুমতী। বসুধা। উর্ব্বী। বসুন্ধরা। গোত্রা। কুঃ। পৃথ্বী। ক্ষ্মা। অবনিঃ। মেদিনী। মহী। অ। ভূর্। ভূমী। ধরণিঃ। ক্ষৌণিঃ। ক্ষোণী। ক্ষৌণিঃ। ক্ষমা। অবনী। মহিঃ। রত্নগর্ভা। সাগরাম্বরা। অব্ধিমেখলা। ভূতধাত্রী। রত্নাবতী। দোহিনী। পরা। বিপুলা। মধ্যলোকবর্ত্মা। ভ। ধরণীধরা। ধারণী। মহাকান্তা। জগদ্বহা। গন্ধবতী। খণ্ডিনী। গিরিকর্ণিকা। ধারয়িত্রী। ধাত্রী। সাগরমেখলা। সহা। অচলকীলা। গৌঃ। অব্ধিদ্বীপা। ক্ষিরা। ইড়া।

ইড়িকা। ইলা। ইলিকা। শব্দর। উদধিবস্ত্রা। ইরা। আদিমা। ঈলা। বরা। উর্ব্বরা। আদ্যা। জগতী। পৃথুঃ। ভুবনমাতা। নিশ্চলা। বীজপ্রসূঃ। শ্যামা। ক্রোড়কান্তা। রা। ধগবতী। অদিতিঃ। জ। পৃথবিঃ। ভ। রত্নবতী। পর্ব্বতাধারা রত্নসূঃ। সাগরনেমিঃ। হে। সমুদ্র মেখলা। সমুদ্রাম্বরা। ত্রি। সুরভিঃ। ধ। সমুদ্ররমণা। হ। জগদ্‌যোনিঃ। বিশ্বগন্ধা। মধুজাশ। মহাস্থলী। শব্দমা। ভুবনং। বিশ্বং। সপ্তদ্বীপা। দক্ষা। মে। ভুরিক্। উ। বিশ্বধারিণী। মধ্যলোকঃ। হিরণ্যদা। পৃথিবিঃ। কে।

পৃথিবীপতিঃ—পুং ঋষভৌষধিঃ। মে। যমঃ। হে।

পৃথিবীরন্ধ্রং—ক্লীং গর্ত্তঃ। শব্দর।

পৃথুঃ—পুং অগ্নিঃ। মে। হস্তিপাং।

পৃথুকঃ—পুং চিপিটকঃ। চিড়ে ভাষা। অ। বালকঃ। মে।

পৃথুকা—স্ত্রীং হিঙ্গুপত্রী। শ। কৃষ্ণজীরকঃ। কেলে জীরে ভাষা। শব্দর।

পৃথুকোলঃ—পুং রাজবদরঃ। নারকুলে কুল ভাষা। রা।

পৃথুচ্ছদঃ—পং হরিদর্ভঃ। রা।

পৃথুপত্রঃ—পুং রক্ত লশুনঃ। বাঙ্গারসুনভাষা। বা।

পৃথুপলাশিকা—স্ত্রীং শটী। রা। কাশ্মীরদেশীয শটী। ভা।

পৃথুরোমা (ন্)—পুং মৎস্যঃ। অ। [তৃগং। বা।

পৃথুলা—স্ত্রীং হিঙ্গুপত্রী। জ। গুণ্ডাসিনী

পৃথুবীজকঃ—পুং মসূরঃ। মসুরী ভাষা। রা।

পৃথুশিম্বঃ
পৃথুশিম্বিঃ } পুং শ্যোনাকপ্রভেদঃ। সোনালুভাষা

পৃথুশৃঙ্গঃ—পুং ভূম্বকপশুঃ। ভূম্বভাষা। ভা।

পৃথুশেখরঃ—পুং পর্ব্বতঃ। পাহাড় ভাষা। শব্দর।

পৃথুস্কন্ধঃ—পুং শূকরঃ। শুয়োর ভাষা। রা।

পৃথুদরঃ—পুং মেষঃ। ভেড়া ভাষা। হা।

পৃথ্বী—স্ত্রীং পৃথিবী। হিঙ্গুপত্রী। কৃষ্ণজীরকঃ। অ। শ্বেতপুনর্ণবা। স্থূলৈলা। বড় এলাচ ভাষা। রা।

পৃথ্বীকা—স্ত্রীং স্থূলৈলা। সূক্ষ্মৈলা। ছোট এলাচ ভাষা। জীরকঃ। জীরে ভাষা। র, হিঙ্গুপত্রী। রা।

পৃথ্বীকুবরকঃ—পুং শ্বেত মন্দারক পুষ্পবৃক্ষঃ। বা।

পৃথ্বীজং—ক্লীং গড়লবণং। সামরনুন্ ভাষা। রা।

পৃদাকুঃ পুং অগ্নিঃ। চিত্রকবৃক্ষঃ।

পৃদাঙ্গঃ—পুং সর্পঃ। অ। বৃশ্চীকঃ। বিছে ভাষা। ব্যাঘ্রঃ। চিত্রকবৃক্ষঃ। মে। হস্তী। বৃক্ষঃ। ইতি সংক্ষিপ্তসারে।

পৃশ্নিকা
পৃশ্নিপর্ণিকা
পৃশ্নিপর্ণী } স্ত্রীং লতা বিঃ,। চাকুলে, পিঠানী ইতিচ বঙ্গভাষা। পিঠবন্ ইতি চকোরোং ইতিচ হিন্দী ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। পৃথক্‌পর্ণী। চিত্রপর্ণী। অঙ্ঘ্রিবল্লিকা। ক্রোষ্টুবিন্না। সিংহপুচ্ছী। কলশিঃ। ধাবনিঃ। গুহা। অ। সিংহলাঙ্গুলী। তন্বী। ক্রোষ্টুক পুচ্ছিকা। ইতিদ্রব্যাভি। পিষ্টপর্ণী। লাঙ্গনী। ক্রোষ্টু পুচ্ছিকা। পূর্ণপর্ণী। কলশী। ক্রোষ্টুকমেখলা। দীর্ঘা। শৃগালবৃন্তা। ত্রিপর্ণী। সিংহ পুচ্ছিকা। দীর্ঘপত্রা। অতিগুহা। ঘৃষ্টিলা। চিত্রপর্ণিকা। কোকলাসিঃ। অটী। ক্রোষ্টুপুচ্ছী। কলসী। শব্দর। কদলা। মে। কঙ্কশত্রুঃ। চক্রকুল্যা। চক্রপর্ণী। শীর্ণমালা। শ। মহাগুহা শৃগালবিন্না। ধমনী। মেখলা। লাঙ্গুলিকা। ব্রহ্মপর্ণী। দীর্ঘপর্ণী। সিংহপুষ্পী। পৃষ্টিপর্ণী। রা। অঙ্ঘ্রিপর্ণী। ধাবনী। ভা। *। গুণাঃ। *। কুটু, অতিসার কাসবাত রোগ জরোন্মাদ ব্রণদাহ নাশি, রা। গ্রাহি। রাজ। অপিচ। পৃশ্নিপর্ণী ত্রি-

দোষঘ্নী বৃষ্যোক্তা মধুরা সরা। হৃদ্বিদাহ জ্বরশ্বাস রক্তাতিসার তৃড় বমিঃ। ভা।
পৃশ্নী—স্ত্রীং বারিপর্ণী। জলের পানাভাষা।শব্দর।
পৃষৎ—পুং হরিণঃ। রা।
পৃষতঃ—পুং শ্বেতবিন্দু যুক্ত মৃগবিঃ।*। তৎপর্য্যয়ঃ *। রঙ্কুঃ। শবলপৃষ্ঠকঃ।*। লক্ষণং যথা।*। পৃষতশ্চন্দ্রবিন্দুঃ স্যাদ্ধরিণাংকিঞ্চি দল্পকঃ।*। মাংসগুণাঃ।*। পৃষতস্ত ভবেং স্বাদু গ্রাহকঃ শীতলো লঘুঃ। দীপনোরোচনঃ শ্বাস জ্বর দোষ নসাস্রজিৎ। ভা।
পৃষতাম্পতিঃ } পুং বায়ুঃ। জঁ।
পৃষতাশ্বঃ }
পৃষতী—স্ত্রী পৃষত মৃগী। মে।
পৃষৎকঃ—পুং বাণঃ। তীর ভাষা। অ।
পৃষদশ্বঃ—পুং বায়ুঃ। অ।
পৃষদাজ্যং—ক্লীং দধিমিশ্রিত ঘৃতং। দই মিশন ঘি ভাষা। অ।
পৃষাকরা—স্ত্রীং ক্ষুদ্রশিলা। বাটকাবা ভাষা। শ।
পৃষাতকং—ক্লীং দধিমিশ্রিত ঘৃতং। হে।
পৃষ্টিপর্ণী—স্ত্রীং পৃশ্নিপর্ণী। রা।
পৃষ্ঠং—ক্লীং শরীর পশ্চাদ্ভাগঃ। পীঠভাষা। জ।
পৃষ্ঠগ্রন্থিঃ—পুং গড়ুঃ। কুঁজ। ভাষা। হে।
পৃষ্ঠদৃষ্টিঃ—পুং ভল্লুকঃ। ভালুকভাষা। র।
পৃষ্ঠবংশঃ—পুং পৃষ্ঠাস্থি। পীঠের দাড়া ভাষা।*। তৎপর্য্যায়ঃ।*। রীঢ়কঃ। হে। সতু- মাষ মাত্রেণ ভবতি। ইতি সুখবোধঃ।
পৃষ্ঠশৃঙ্গঃ—পুং বনচ্ছাগঃ। বনছাগল ভাষা। হে।
পৃষ্ঠশৃঙ্গী (ন্)—পুং নপুংসকঃ। হিজ্‌ড়ে ভাষা। মহিষঃ। মে।

পে

পেচঃ } পুং মেঘঃ। শব্দর যূকঃ। বি। নিশা-
পেচকঃ } চর পক্ষী। পেঁচাভাষা।*। তৎপর্য্যায়ঃ।*। উলূকঃ। বায়সারাতিঃ। অ। শক্রাখ্যঃ। দিবান্ধঃ। বক্রনাসিকঃ। হরিনেত্রঃ। দিবা-ভীতঃ। নখাশী। পীচুঃ। ঘর্ঘরঃ। কাকভীরুঃ। নক্তচারী। ত্রি। নিশাচরঃ কৌশিকঃ। রূপ নাশনঃ। পেচঃ। রক্তনাশিকঃ। ভীরুকঃ। আলুঃ। শব্দর। উলূকঃ। অটী। ধ্বাংক্ষ-রাতিঃ। হ। অন্যৎ উলূক শব্দে দ্রষ্টব্যং।
পেচকী (ন্)—পুং হস্তী। শব্দর।
পেচনী } স্ত্রীং কেমুকঃ। কেঁউগাছ ভাষা।
পেচিকা }
পেচিলঃ—পুং হস্তী। ত্রি।
পেচু—ক্লীং নাড়ীচশাকং। নাল্‌তে ভাষা। ত্রি।
পেচুঃ } পুং কেমুকঃ। কেঁউভাষা। র।
পেচুকঃ }
পেচুনী—স্ত্রীং নাড়ীচশাকং। নাল্‌তে ভাষা। শাকবিঃ। দলকচু ভাষা। ত্রি।
পেটঃ } পুং পুস্তকাদীনাং মঞ্জুষা। পেটরা ভাষা। মে।
পেটকঃ }
পেটোক }
পেটিকা } স্ত্রীং মঞ্জুষা। পেট্‌রাভাষা। অ।
পেটী } বৃক্ষবিঃ। পেটারী ভাষা। পাটলা
পেড়া } বৃক্ষঃ। পারুল ভাষা। কেমুকঃ।
পেড়িকা } কেঁউ ভাষা। র।
পেত্বং—ক্লী অমৃতং। ঘৃতং। উ।
পেয়ং—ক্লী জলং। দুগ্ধং। শ।
পেয়া—স্ত্রী মিশ্রেয়া। শ্রাণা। অচ্ছমণ্ডং। শ। শিকৃথসমন্বিতদ্রব্যং।*। শিঁটী সমন্বিত খাদ্যদ্রব্য ভাষা।*। গুণাঃ।*। পেয়া স্বেদাগ্নি জননী বাতবর্চ্চোহনু লোমনী ক্ষুত্তৃষ্ণা গ্লানি দৌর্ব্বল্য কুক্ষিরোগ বিনা-শিনী। রাজ।
পেয়ূষঃ—পুং ক্লীং অভিনবংপয়ঃ। অ।

নবপ্রসূতায়াগোঃ সপ্তদিনা ভ্যন্তরীণ দুগ্ধং। অমৃতং। অভিনবং সর্পিঃ। উ।

পেরজং—ক্লী পেরোজং। রা।

পেরুঃ—পুং বহ্নিঃ। সূর্য্যঃ। উ। সমুদ্রঃ। ত্রি।

পেরোজং—ক্লীং উপরত্ন বিঃ,। পেরোজা। ইতি যবন ভাষা। *। তৎপর্য্যায়ঃ।*। হরিতাশ্ম। পেরজং। *। তদ্বিবিধং।*। ভস্মাঙ্গং হরিতঞ্চ। *। অস্য গুণাঃ।*। পেরোজং সুকষায়ং স্বানুমধুরং দীপনং পরং। স্থাবরং জঙ্গমঞ্চৈব সংযোগাচ্চ যথাবিষং। তৎসর্ব্বং নাশয়েৎ শীঘ্রং শূলং ভূতাদি দোষজং অন্যচ্চ। *। পেরোজং সুকষায়ং স্বানু মধুরং দীপনং দ্বয়োঃ। স্থাবরাদি বিষঘ্নং স্বাঙ্করিত ক্ষাপরং শৃণু। শীতাঙ্গং নাশয়ে চ্ছীঘ্রং শূলং ত্রিমির ভূতজং। রা।

পেলং—ক্লীং অণ্ডকোষঃ। হে।

পেশঃ—পুং ক্লীং স্বর্ণং। ইতিবেদনির্ঘণ্টে।

পেশকৃৎ—পুং কীটবিঃ,। কুমুরে পোকা ভাষা।

পেশিঃ—স্ত্রী অণ্ডং। ডিম্বভাষা। অটী। মাষবিদলঃ।

পেশিনী—স্ত্রী জটামাংসী। র।

পেশী—স্ত্রী অণ্ডং। ডিমভাষা। সুপক্ককলিকা। জটামাংসী। খড়্গাপিধানং। খাপ্ ভাষা। মাংসপিণ্ডী। *। যথা। *। যথাথ মুষ্মণা যুক্তো বায়ুঃ স্রোতাংসি দারয়েৎ। অনুপ্রবিশ্য পিশিতং পেশী র্বিভজতে তথা। স্ত্রীণামপি ভবন্ত্যেতাঃ কিন্তুবিংশতি রুত্তরাঃ। গর্ভাশয়ে গর্ভমার্গে যোনৌচ স্তনয়োরপি। ভা। *। অন্যচ্চ। *। পুংসাংপেশ্যঃ পুরস্তাদ্যাঃ প্রোক্তামেহন মুষ্কজাঃ। স্ত্রীণা মাবৃত্য তিষ্ঠন্তি ফলমন্তর্গতা হিতাঃ। সুশ্রু। *। অন্যচ্চ। *। পঞ্চপেশী শতান্যেব স্ত্রীবর্জ্যং বিদ্ধিতুমিপ। অতশ্চতিস্ত্রো হীয়ন্তে স্ত্রীণাং শেফসিমুষ্কয়োঃ। ইতিভোজঃ।

পেশীকোষঃ—পুং অণ্ডং। ডিম্ব ভাষা। অটী।

পেষণং—ক্লী চূর্ণনং। গুঁড়করা ভাষা। পত্রগুপ্তারুক্ষঃ। তেকাঁটা সিজ ভাষা। শ।

পেষণিঃ
পেষণী } স্ত্রী পেষণশিলা। শিলভাষা শব্দর।

পেষিণী
পেষী } স্ত্রী জটামাংসী। র।

পৈ

পৈঠরং—ক্লীং স্থালিপক্কমাংসাদি।

পৈথঃ—পুং ঘোটকঃ।

পৈষ্টিক ক্লীং
পৈষ্টী স্ত্রীং } বিবিধ ধান্য বিকারজা মদিরা। ধেনোমদ্ ভাষা।*। তৎপ্রস্তুত প্রণালী যথা। *। শষ্কুলী সর্ক সিদ্ধান্ন মুক্তোদক সমন্বিতং। বহ্নৌসন্তাপয়েৎ কিঞ্চিৎ স্থাপয়িত্বা দিনদ্বয়ং। শেষেঽহনিতু সংপ্রাপ্তে শৈবলং তত্র নিঃক্ষিপেৎ। শৃঙ্গবেরং মরিচঞ্চ মাতুলুঙ্গং তথৈবচ। এতেষামেব সন্ধানাৎ পৈষ্টীমদ্যং প্রকীর্ত্তিতং। ইতি মহাতন্ত্রে। *। অস্যগুণাঃ। *। পৈষ্টী কটূম্ল তীক্ষ্ণাস্বাদীযদ্ গৌড়ী সমাপরা। বাতহৃৎকফকৃৎস্তীষৎ পিত্তকৃন্ মোহনী চসা। রা। অন্যচ্চ।*। কৃত্বা বহুবিধৈর্ধান্যৈঃ পৈষ্টীতু মদিরোচ্যতে। কটূম্লা বাতকফ হৃৎতীক্ষ্ণা গৌড়ী সমামতা। আ।

পো।

পোগণ্ডঃ—পুং দশম বর্ষীয় বালকঃ।

পোটগলঃ—পুং নলতৃণং। কাশতৃণং। কেশে ভাষা। অ। খগগড় তৃণং। খাগড়া ভাষা। র। মৎস্যঃ। মে।

পোটলিকা } স্ত্রীং সংশ্লিষ্টবস্ত্রাদি। পুঁটুলী
পোটলী } ভাষা। বৈ।

পোটিকঃ—পুং বিস্ফোটকঃ। বিষফোড়া ভাষা।

পোতঃ—পুং বহিত্রং। নৌকাভাষা। বস্ত্রং। মে। সমুদ্র যানং। জাহাজ ভাষা। ইতি বারা হে।

পোতকী—স্ত্রীং পূতিকা। পুঁইশাক ভাষা। শ্যামাপক্ষী। রা।

পোতরক্ষঃ—পুং কেনি পাতকঃ। হাল্ ভাষা। শব্দমা।

পোতাধানং—ক্লীং ক্ষুদ্রাণ্ডমৎস্যসংঘাতঃ। মাছের পোনা ভাষা। *। অস্যগুণাঃ। *। সুস্নিগ্ধ, লঘু, রোচনত্বঞ্চ। রাজ।

পোতাসঃ—পুং কর্পূরবিঃ,। রা।

পোতিকা—স্ত্রীং পূতিকা। পুঁইভাষা। শতপুষ্পী। শলফ ভাষা। মূল পোতীশাকং। রা।

পোত্রং—ক্লীং বজ্রং। বাজ ভাষা। শূকর মুখাগ্রং। লাঙ্গলমুখাগ্রং। মে। বহিত্রং। নৌকাভাষা।

পোত্রায়ুধঃ—পুং }
পোত্রী (ন্) পুং } শূকরঃ। শুয়োর ভাষা। রা।

পোথকী—স্ত্রীং নেত্র রোগান্তর্গতবর্ত্মজ রোগবিঃ। *। লক্ষণং যথা। *। স্রাবিণ্যঃ কণ্ডুরা-গুর্ব্যো রক্ত সর্ষপ সন্নিভাঃ। রুজাবত্যশ্চ পিড়কাঃ পোথকী ইতি কীর্ত্তিতা। ভা।

পোলিকা—স্ত্রীং পিষ্টকভেদঃ। পাতলারুটী ভাষা। *। প্রস্তুত প্রণালী যথা।*। কুর্য্যাৎ সমিতয়াতীব তন্বীপর্পটিকা ততঃ। স্বেদয়েত্তপ্তকে তাংতু পোলিকাংতাং স্তগুর্ধাঃ তাং খাদেল্লিপ্‌সকা যুক্তাং তস্যাগুক বদ্‌গুণাঃ। ভা।

পোলী—স্ত্রীং পিষ্টক ভেদঃ। পুলী ভাষা। *। তৎপর্য্যায়ঃ। *। পূপালী। চর্পটী। ত্রি। পূপলা। পূপিকা। হে।

পোষঃ—পুং পোষণং।

পোসণং—ক্লীং পুষ্টিঃ।

পোষয়িত্নুঃ—পুং কোকিলপক্ষী। ইতি সংক্ষিপ্ত সারে।

পোষ্টা—স্ত্রীং পুং পুতিকা। নাটাকরমূচা ভাষা। শা।

পৌ

পৌংস্নং—ক্লীং পুংস্নং। শব্দমা।

পৌগণ্ডং—ক্লীং অবস্থা বিঃ,। *। যথা। *। কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। কৈশোর মাপঞ্চদশাৎ যৌবনঞ্চততঃ পরং। ইতি শ্রীধর স্বামী বচনং।

পৌটিকোরকঃ—পুং মুকুলঃ। কড়কেভাষা। অটী।

পৌণ্ডরীকং }
পৌণ্ডরীয়কং } ক্লীং প্রপৌণ্ডরীককাষ্ঠং। পুণ্ড-
পৌণ্ড্র্যং } বিয়া ভাষা। রা।

পৌণ্ড্রঃ }
পৌণ্ড্রকঃ } পুং দেশ ভেদঃ। চন্দেল ভাষা। ইক্ষুবিঃ,। পুঁড়ি আক ভাষা। র।
পৌণ্ড্রিকঃ } *। তৎপর্য্যায়ঃ। *। পুণ্ড্রঃ। পুণ্ড্রঃ। সেব্যঃ। অতিরসঃ। মধুঃ। শব্দমা। পৌণ্ড্রকঃ। পৌণ্ড্রিকঃ। কে। *। অস্যগুণাঃ। *। শীতল, বৃষ্য, স্নিগ্ধ, মধুর, বৃংহণত্বঞ্চ। রাজ। *। অপিচ। *। সুশীতো মধুরঃ। স্নিগ্ধো বৃংহণঃ শ্লেষ্মলঃ সরঃ। অবিদাহী গুরু-র্ব্বষ্যঃ পৌণ্ড্রকোভীরুক স্তথা। *।

পৌত্তিকং—ক্লীং বৃহৎ, পিঙ্গলবর্ণ, পুত্তিক নামক, মক্ষিকাকৃত, ঘৃতবর্ণমধু। *। অস্য-গুণাঃ। *। বিশেষাৎ পৌত্তিকং তেষু রূক্ষোষ্ণং সবিষাম্বয়াৎ। বাতাসৃক্ পিত্ত-কৃচ্ছেদ্ধি বিদাহি মদকৃন্ মধু। *। সুশ্রু। *। অপিচ। *। বাঃকৃষ্ণা মশকোপমা লঘুতরাঃ প্রায়োমহাপিণ্ডিতং বৃক্ষাণাং তরু কোটরান্তরগতাঃ পুষ্পাসবং কুর্ব্বতে।

তজ্জৈক্ত রিহ পুত্তিকা নিগদিতা স্তাভিঃ কৃতং সর্পিষা তুল্যংতন্ন্ মধু তদ্বনে চরজনৈঃ সংকীর্ত্তিতং পৌত্তিকং। পৌত্তিকং মধু রুক্ষোষ্ণং পিত্ত দাহাস্র বাতকৃৎ। বিদাহি মেহ কৃচ্ছ্রঘ্নং গ্রন্থ্যাদি ক্ষত শোষিচ । ভা।

পৌরং—ক্লীং রৌহিষ তৃণং। রাম কর্পূরভাষা।

পৌরুষং—ক্লীং শুক্রং তেজ ভাষা । রোহিষ তৃণং। রা।

পৌলোমী—স্ত্রীং নির্গুণ্ডী। নিশিন্দে ভাষা।র।

পৌষ্করং, পৌষ্করমূলং — ক্লীং পুষ্করমূলং । যার অভাবে কুড়। রা।

পৌষ্করিণী—স্ত্রীং পুষ্করিণী। পুকুর ভাষা। শব্দর।

পৌষ্পকং—ক্লীং কুসুমাঞ্জনং। অ।

প্র

প্রকম্পনঃ—পুং বায়ুঃ। হে।

প্রকরং—ক্লীং অগুরু। অগরচন্দন ভাষা। মে।

প্রকাণ্ডঃ—পুং ক্লীং বৃক্ষকাণ্ডঃ। গুঁড়িভাষা

প্রকাণ্ডকঃ—পুং বৃক্ষঃ। শ।

প্রকাশং—ক্লীং কাংস্যং। কাঁসা ভাষা। হে।

প্রকাশঃ—পুং রৌদ্রঃ। অ।

প্রকাশকজ্ঞাতা (তৃ)—পুং কুক্কুটপক্ষী। কুঁকড় ভাষা। শ।

প্রকাশাত্মা (ন্)—পুং সূর্য্যঃ। শ।

প্রকীর্য্যঃ—পুং পূতিকরঞ্জঃ। নাটা ভাষা। ঘৃতকরঞ্জঃ। রীঠে ভাষা। রা। ত্রিলিঙ্গে বিক্ষিপ্তঃ। ছড়ান ভাষা।

প্রকীর্ণকঃ—পুং তুরঙ্গমঃ। ঘোঁড়া ভাষা। মে।

প্রকার্য্যঃ—পুং পূতিকরঞ্জঃ। নাটা ভাষা। ঘৃতকরঞ্জঃ। রীঠেভাষা। রা।

প্রকৃতিঃ—স্ত্রীং যোনিঃ। লিঙ্গং। বলং। হে। স্ত্রী। শব্দর। পরমাত্মা। ধ। স্বভাবঃ। তাঃসপ্ত *। যথা। *। সপ্তপ্রকৃতয়ো নৃণাংবাতাৎ পিত্তাৎ কফাৎতথা। সংসর্গাৎ সন্নিপাতাচ্চ ভবন্তীতি ভিষঙ্মতং। শুক্রশোণিত সংযোগে যোভবেদ্দোষ উৎকটঃ। প্রকৃতির্জায়তে তেন তস্যা লক্ষণ মুচ্যতে। অন্যৎ তত্তৎ শব্দে দ্রষ্টব্যং সুশ্রু।

প্রকুঞ্চঃ—পুং পলপরিমাণং। আটতোলা ভাষা। সুশ্রু।

প্রকোষ্ঠঃ—পুং কফোণেরধো মণিবন্ধ পর্য্যন্ত হস্তভাগঃ। কনুই হইতে কব্জা পর্য্যন্ত ভাষা। অ।

প্রক্লিন্নবর্ত্ম (ন্) ক্লীং নেত্ররোগ বিং, । *। লক্ষণং যথা। *। অরুজং বাহ্যতঃ শূনং বর্ত্ম যস্য নবস্যহি। প্রক্লিন্নবর্ত্ম তদ্বিদ্যাৎ ক্লিন্নমত্যর্থ মস্ততঃ। ভা।

প্রগণ্ডঃ—পুং কূর্পরোপরি কক্ষপর্য্যন্তভাগঃ। কনুই হইতে বগল পর্য্যন্ত ভাষা।

প্রগন্ধঃ—পুং পর্পটঃ। ক্ষেৎপাপড়া ভাষা। রা।

প্রগ্রহঃ, প্রগ্রাহঃ — পুং আরগ্বধবৃক্ষঃ। শোনালু ভাষা কর্ণিকার বৃক্ষঃ। ছোটসোনালু ভাষা অশ্বাদিরশ্মিঃ। রশ্মিঃ। রা।

প্রগ্রীবঃ—পুং ক্রমশীর্ষকং। গাছের উপর ভাষা। অটী।

প্রচণ্ডঃ পুং শ্বেত করবীর পুষ্পবৃক্ষঃ। সাদাকরবী ভাষা। মে।

প্রচণ্ডমূর্ত্তিঃ—পুং বরুণবৃক্ষঃ। বর্ণেভাষা। শ।

প্রচণ্ডা—স্ত্রীং দূর্ব্বা। শ্বেতদূর্ব্বা। রা।

প্রচলাকঃ, প্রচলাকী (ন্) — পুং ময়ূর পক্ষী। সর্পঃ। মে।

প্রচেতসী—স্ত্রীং কট্ফলবৃক্ষঃ। কায়ফল ভাষা।

প্রচেলং—ক্লীং পীতচন্দনং। শ।

প্রচেলকঃ—পুং অশ্বঃ। শব্দমা।

প্রচোদনী—স্ত্রীং কণ্টকারী। অ।

প্রচ্ছর্দ্দিকা—স্ত্রীং বমিঃ। ত্মাকার ভাষা। অ।

প্রজননং—ক্লীং যোনিঃ। জন্ম। মে।
প্রজা—স্ত্রীং সন্ততিঃ। জনঃ। অ।
প্রজাদা—স্ত্রীং গর্ভদাত্রীক্ষুপঃ। গর্ভদা ভাষা। রা
প্রজাদানং—ক্লীং রজতং। রূপভাষা। শ।
প্রজাপতিঃ—পুং সূর্য্যঃ। বহ্নিঃ। ব্রহ্মা। স্বনাম খ্যাত কীট। বিং,। পদ্মা ভাষা। হে।
প্রজাহিতং—ক্লীং জলং। শব্দমা।
প্রজিনঃ—পুং বায়ুঃ। শব্দমা।
প্রণালঃ, প্রণালী } পুং স্ত্রীং জলনিঃসরণমার্গঃ। পয়নালা ভাষা। অ।
প্রততিঃ, প্রততী } স্ত্রীং বল্লী। লতা ভাষা। মে।
প্রতমকঃ—পুং শ্বাসরোগবিং,। *। লক্ষণং যথা। *। জ্বরো মূর্চ্ছাপরীতশ্চ বিদ্যাং প্রতমকস্তু তং। নি।
প্রতলঃ—পুং চপেটঃ। চাপড় ভাষা অ।
প্রতানিকা—স্ত্রীং সারিবা। অনন্তমূল ভাষা। প্রসারিণী। গন্ধভাদলা ভাষা।
প্রতানিনী—স্ত্রীং প্রসারিণী। ভা।
প্রতাপঃ, প্রতাপসঃ } পুং অর্কঃ। আকন্দ ভাষা। শ্বেতার্কঃ। সাদা আকন্দভাষা। রা।
প্রতিকা—স্ত্রীং জবাপুষ্প বৃক্ষঃ। জবাফুল ভাষা। রা।
প্রতিখুরঃ—পুং মূঢ়গর্ভরোগবিং,। *। লক্ষণং যথা। *। দৃষ্টৈঃ খুরৈঃ প্রতিখুরঃ সহিকায় সঙ্গী। ভা
প্রতিঘঃ—পুং প্রতিঘাতঃ। মূর্চ্ছা। (শব্দর। [ভাষা। হে।
প্রতিঘ্নং—ক্লীং—অঙ্গং। শ।
প্রতিজঙ্ঘা—স্ত্রীং অগ্রজঙ্ঘা। হাঁটুর আগা
প্রতিজিহ্বা, প্রতিজিহ্বিকা } স্ত্রীং তালুমূলস্থ ক্ষুদ্রজিহ্বা। আলজিব্ ভষা। অন্যং গলশুণ্ডিকা শব্দে দ্রষ্টব্যং। শব্দর।
প্রতিতালী—স্ত্রীং তালকোদ্ঘাটন যন্ত্রং। চাবি। ভাষা। হে।
প্রতিতনী—স্ত্রীং বাত রোগবিং,। *। লক্ষণং যথা। *। গুহ্যোপস্থোত্থিতা সৈব প্রতিলোমং প্রধাবিতা। বেগৈঃ পক্কা শয়ংযাতি প্রতিতূনীতি গোচ্যতে। ভা।
প্রতিদিনং—ক্লীং প্রত্যহং।
প্রতিদিবা (ন্)—পুং সূর্য্যঃ। শব্দর।
প্রতিধ্বনিঃ—পুং প্রতিনাদঃ। গুম্বানশব্দভাষা। শব্দর।
প্রতিনবং—ত্রিং নূতনং। জ।
প্রতিনিকা—স্ত্রীং প্রসারিণী। গন্ধভাদলা ভাষা সারিবা। অনন্তমূল ভাষা। রা।
প্রতিপত্রফলা—স্ত্রীং ক্ষুদ্রকারবেল্লী। পঁটলে-উচ্ছে ভাষা। রা।
প্রতিপত্রশিরা, প্রতিপর্ণশিরা } স্ত্রীং দ্রবন্তী। ইঁন্দুর কানীপানা ভাষা। রা।
প্রতিবল্লকঃ—পুং বিটপঃ। গাছ ভাষা। শ।
প্রতিভা—স্ত্রী বুদ্ধিঃ। রা।
প্রতিমর্যঃ—পুং বৃংহণনস্য বিং,। *। যথা। *। ঈষদুচ্ছিঙ্ঘনাং স্নেহো যথা বক্তুং প্রপদ্যতে। নস্যেনিষিক্তং তং বিদ্যাৎ প্রতিমর্ষঃ প্রমাণতঃ। ভা।
প্রতিমুষিকা—স্ত্রীং। ছুচ্ছুন্দরী। ছুঁচ ভাষা। রা।
প্রতিলোমঃ—ত্রিং। বামঃ। বিলোমঃ। হে।
প্রতিবাতঃ—পুং বিল্ববৃক্ষঃ। বেল ভাষা।
প্রতিবাপঃ—পুং প্রক্ষেপঃ। সুশ্রু।
প্রতিবাসরঃ—পুং প্রতিদিনং। হা।
প্রতি বিম্বাতং—ক্লীং দর্পণং। আয়না ভাষা। শব্দর
প্রতিবিষা—স্ত্রীং অতিবিষা। আতইষভাষা। অ।
প্রতিবিষ্ণুকঃ—পুং মুচুকুন্দ পুষ্পবৃক্ষঃ। রা।
প্রতিশ্যায়ঃ, প্রতিশ্যাঃ } স্ত্রীং পুং পীনসরোগঃ। অ। নাসাগত রোগবিং,। কফনাগা সর্দ্দিলাগা ইতিচ ভাষা। *। লক্ষণং যথা। *। সন্ধারণাজীর্ণ রজোহতি ভাষ্য ক্রোধর্ত্তু বৈষম্য শিরোভিতাপৈঃ। সংজাগরাতি স্বপ্নাম্বু শীতাবশ্যায়কৈ মৈথুন বাষ্পসেকৈঃ।

সংস্থান দোষৈঃ শিরসি প্রবৃদ্ধোবায়ুঃ প্রতিশ্যায় মুদীরয়েত্‌। ভা। *। অন্যচ্চ। *। নারী প্রসঙ্গঃ শিরসোঽভি তাপো ধূমোরজঃ শীতমতি প্রতাপঃ। সন্ধারণং মূত্র পুরীষয়োশ্চ সদ্যঃপ্রতিশ্যায় নিদান মুক্তং। চয়ঙ্গতা মূর্দ্ধনি মারুতাদয়ঃ পৃথক্ সমস্তাংশ্চ তথৈব শোণিতং। প্রকোপ্যমানা বিবিধৈঃ প্রকোপনৈ নৃর্ণাং প্রতিশ্যায় করা ভবন্তি হি। সুশ্রু। *। অপিচ। *। ঘ্রাণমূলে স্থিতঃ শ্লেষ্মা রুধিরং পিত্ত মেববা। মারুতা ধ্মাত শিরসো মারুতং শ্যায়তে প্রতি। প্রতিশ্যায় স্ততো ঘোরো জায়তে দেহকর্ষনঃ। তস্য রূপং শিরঃশূলং গৌরবং ঘ্রাণ বিপ্লবঃ। জ্বরঃ কাসঃ কফোৎক্লেশঃ স্বরভেদোঽরুচিঃ শ্রমঃ। ইন্দ্রিয়াণা মসামর্থ্যং যক্ষ্মাচাত্র প্রবর্ত্ততে। চব।

[কালঃ। শব্দমা।

প্রতিসরঃ—পুং কঙ্কণং। ব্রণশুদ্ধিঃ। মে। প্রোক্তঃ

প্রতিসর—স্ত্রং ক্ষুদ্রঘণ্টিকা। ঘঙুর ভাষা। শব্দর।

প্রতিসারণং—ক্লীং দন্তজিহ্বাস্যুখে ঘর্ষণদ্রব্যং। মনাবজিনিষ ভাষা। *। যথা। *। দন্তজিহ্বা মুখানাং সঙ্কূর্ণ কল্কাব লেহকৈঃ। শনৈ র্ঘর্ষণ মঙ্গুল্যা তদুক্তং প্রতিসারণং। বিরসং মুখদৌর্গন্ধ্যং মুখশোষঃ তৃষ্ণারতিঃ। অরুচি দন্তপীডাঞ্চ নিহন্তি প্রতিসারণং। শীতো জাড্য কফোৎক্লেশা নবসন্ধান মেবচ। অতি যোগান্ মুখেপাকঃ শোষ স্তৃষ্ণা বমিক্রমঃ। ভা।

প্রতিসূর্য্যঃ } পুং কৃকলাসঃ। কাঁকলাস
প্রতিসূর্য্যকঃ } ভাষা।

প্রতিসোমা—স্ত্রীং মহিষবল্লী ছিরহিট্টী ছিঁচী ভাষা। রা।

[ভা। অ।

প্রতিহাসঃ—পুং করবীরপুষ্পবৃক্ষঃ। করবী

প্রতীকঃ—পুং পটোল ভাষা। ভা। অঙ্গং। অ।

প্রতীকারঃ—পুং চিকিৎসা। শব্দমা।

প্রতীনাহঃ—পং নাসাপ্রতীনাহরোগঃ। *। লক্ষণং যথা। *। উচ্ছ্বাসমার্গন্তু কফঃ সবাতো রুন্ধ্যাৎ প্রতীনাহ মুদা হরেত্তম্। অস্যং নাসা প্রতিনাহ শব্দেভ্রষ্টব্যং। ভা।

প্রতীপদর্শিনী— স্ত্রীং নারী। অ।

প্রতীহাসঃ—পুং করবীর পুষ্পবৃক্ষঃ। করবী ভাষা। অ।

প্রতুদঃ—পুং কঙ্কপক্ষী। কাঁক্‌ ভাষা। কাকপক্ষী। দানকোক পক্ষী। দাঁড়কাক্‌ ভাষা। পেচক পক্ষী। পেঁচা ভাষা। ময়ূর পক্ষী। শ্যেনপক্ষী। শিকরে ভাষা। রা।

প্রতুদবর্গঃ—পুং কপোতাদি পক্ষিসমূহঃ। *। যথা। *। কপোত পারাবত ভৃঙ্গরাজ পরভৃত কোয়ষ্টিক কুলিঙ্গ গৃহকুলিঙ্গ গোক্ষোডক ডিণ্ডিমানক শতপত্রক মাতৃনিন্দক ভেদাশি শুকসারিকা বল্গুলা গিরিশালা ভাসদূসক সুগন্ধী খঞ্জরীটক হারীত দাত্যুহ প্রভৃতয়ঃ প্রতুদাঃ। *। তেষাং মাংস গুণাঃ। *। কষায়া মধুরারুক্ষা ফল হারা মরুৎকরাঃ। পিত্তশ্লেষ্মহরাঃ শীতা বদ্ধমূত্রাল্প বর্চ্চসঃ। সুশ্রু। *। অপিচ। *। হারীতো ধবলঃপাণ্ডু শ্চিত্রপক্ষো বৃহচ্ছুকঃ। পারাবতঃ খঞ্জরীটঃ পিকাদ্যাঃ প্রতুদাঃ স্মৃতাঃ। প্রতুদ্য ভক্ষয়ন্ত্যেতে তুণ্ডেন প্রতুদা স্মৃতাঃ। প্রতুদা মধুরাঃ পিত্তকফঘ্না স্তুবরা হিমাঃ। লঘবো বদ্ধবর্চ্চস্কাঃ কিঞ্চিদ্‌বাত কর্দাঃ স্মৃতাঃ। ভা।

প্রতোদঃ—পুং অশ্বাদিতাড়নদণ্ডঃ। চাবুক্‌ ভাষা

প্রত্যকপর্ণী } স্ত্রীং অপামার্গক্ষুপঃ। আপাং
প্রত্যক্‌পুষ্পী } ভাষা। রক্তাপামার্গ ক্ষুপঃ। মূষিকপর্ণী। ইঁদুরকানী ভাষা। দন্তীবৃক্ষঃ। রা।

প্রত্যক্‌শ্রেণী—স্ত্রীং দন্তীবৃক্ষঃ। মূষিকপর্ণী। অ।

প্রত্যঙ্গং—ক্লীং কর্ণনাসাদি অঙ্গং। *। যথা। *। প্রত্যঙ্গং কর্ণনাসাক্ষি লিঙ্গাঙ্গানি করাদিকং। শ।

প্রত্যঙ্গিরা—স্ত্রীং শিরীষবৃক্ষঃ। চট্কাভাষা। বৈ। শ্বেতপুনর্নবা। কুলিকাবৃক্ষঃ।
প্রত্যঞ্জনবিধিঃ—পুং অঞ্জনবিধি বিঃ। ভা।
প্রত্যন্তপর্ব্বতঃ—পুং মহাপর্ব্বত সমীপস্থ ক্ষুদ্র পর্ব্বতঃ। অ।
প্রত্যয়কারিণী—স্ত্রীং মুদ্রা। মোহর ভাষা। ত্রি।
প্রত্যবসানং—ক্লীং ভোজনং। হে।
প্রত্যশ্ম (ন্)—ক্লীং গৈরিকং। গিরিমাটী ভাষা। ত্রি।
প্রত্যষ্ঠীলা—স্ত্রীং। বাতব্যাধ্যন্তর্গত রোগ বিঃ, ।*। লক্ষণং যথা। *। এতামেব রুজাযুক্তা বাতবিন্মূত্র রোধিনীং। প্রত্যষ্ঠীলা মিতি বদেজ্জঠরে তির্য্যগুত্থিতাং। ভা।
প্রত্যহং—ব্য প্রতিদিনং।
প্রত্যাকারঃ—পুং খড়্গকোষঃ। খাপ ভাষা। হে।
প্রত্যাধ্মানঃ—পুং ব্যাতব্যাধি বিঃ, ।*। লক্ষণং যথা। *। বিমুক্ত পার্শ্ব হৃদয়ং তদেবামাশয়োত্থিতং। প্রত্যাধ্মানং বিজানীয়াং কফ ব্যাকুলিতা নিলং। ভা।
প্রত্যূসঃ
প্রত্যূষঃ (স) } পুং ক্লীং প্রভাতং। ভোর ভাষা। অ। সূর্য্যঃ। শব্দর
প্রথুকঃ—পুং চিপিটকঃ। চিড়ে ভাষা। অটীব।
প্রদরঃ—পুং বাণঃ। তীর ভাষা। অ। স্ত্রীরোগ বিঃ,। রক্তভাঙ্গা, রৈষনি ইতিচ ভাষা।*। ।*। লক্ষণং যথা। *। বিরুদ্ধ মদ্যাধ্যশনা দজীর্ণাদ্ গর্ভ প্রপাতা দতি মৈথুনাচ্চ। যানাধ্বশোকা দতি কর্ষণাচ্চ ভারাভিঘাতাচ্ছয়না দ্দিবাচ। তংশ্লেষ্ম পিত্তা নিল সন্নিপাতৈশ্চতুঃ প্রকারং প্রদরং বদন্তি। নি। *। অন্যচ্চ। *। যাত্যর্থং সেবতে নারী লবণাম্ল গুরূণিচ। কটূন্যথ বিদাহীনি স্নিগ্ধানি পিশিতানিচ। গ্রাম্যোদকানি মেধ্যানি কৃশরং পায়সং দধি। শুক্ত মস্তুসুরা দীনি ভোজ্যন্তস্যাঃ কুপিতোহনিলঃ। রক্ত প্রমাণ মুৎক্রম্য গর্ভাশয় গতাঃশিরাঃ। রজোবহাঃ সমাশ্রিত্য রক্ত মাদায় তদ্রজঃ। যস্মাদ্ বিবর্দ্ধয়ত্যাশু রক্তপিত্তক মারুতঃ। তস্যা দসৃগ্দরং প্রাহুরেতংতন্ত্র বিশারদাঃ। রজঃ প্রদীর্য্যতে যস্মাৎ প্রদরস্তেন সংস্মৃতঃ। চর।
প্রদলঃ—পুং বাণঃ। তীর ভাষা। জ।
প্রদিগ্ধং—ক্লীং মাংসব্যঞ্জনভেদঃ। *। যথা। *। মাংসং রক্তমৃতৈর্ভৃষ্টং সিক্তাচোষ্ণাম্বুনা মুহুঃ। জীরকাদ্যৈঃসমাযুক্তং পবিত্রকং তদুচ্যতে। তদেব ঘৃত তক্রাঢ্যং প্রদিগ্ধং সত্রিজাতকং;
প্রদীপঃ—পুং দীপঃ। অ।
প্রদীপনঃ——পুং স্থাবর বিষভেদঃ।*। তস্য লক্ষণং যথা।*। বর্ণতো লোহিতো যঃ স্যাৎ দীপ্তিমান্ দহন প্রভঃ। মহাদাহ করঃ পূর্ব্বৈঃ কথিতঃ সপ্রদীপনঃ। বা।
প্রদেশনী
প্রদেশিনী } স্ত্রী তর্জ্জনী নাম অঙ্গুলী। মাঝের আঙ্গুল ভাষা। অ।
প্রদেহঃ——পুং প্রলেপঃ। বৈ।
প্রদোষঃ——পুং দোষঃ। হে। রজনী মুখং। চারি দণ্ড পর্য্যন্তরাত্রি ভাষা। অ।
প্রদ্যোতঃ
প্রদ্যোতনঃ } পুং রশ্মিঃ। সূর্য্যঃ। হলা। রৌদ্রং। রা।
প্রধমনং——ক্লীং শিরো বিরেচনার্থে দেয় নস্য *। যথা।*। ষড়ঙ্গুলা দ্বিবক্ত্রাযা নাড়ী চূর্ণ স্তয়া ধমেৎ। তীক্ষ্ণং কোল মিতং বক্ত্র বাতৈঃ প্রধমনং হিতং। অত্যন্তোৎ কট দোষেষু বিসং জ্ঞেষুচ দীয়তে। চূর্ণং প্রধমনং ধীরৈ স্তস্মি তীক্ষ্ণ তরং যতঃ। ভা।
প্রধাবনঃ——পুং বায়ুঃ। বাতাসভাষা। রা।
প্রধিঃ——পুং নেমিঃ। অ।
প্রপথ্যা——স্ত্রীং হরীতকী। রা।
প্রপদং——ক্লী পদাগ্রং। পার আগা ভাষা। অ।

প্রপন্নাড়ঃ— পুং চক্রমর্দ্দঃ। চাকুন্দেগাছ ভাষা। অ

প্রপাকী (ন্)—পুং গর্দ্দভাণ্ডবৃক্ষঃ। গাঁধি ভাঁট। ভাষা।

প্রপানকং—ক্লীং পানক বিং,।*। যথা।*। আম্রমামং জলে স্বিন্নং মর্দ্দিতং দৃঢ় পানিনা। সিতা শীতাম্বু সংযুক্তং কর্পূর মরিচান্বিতং। প্রপানক মিদং শ্রেষ্ঠং ভীম সেনেন নির্ম্মিতং।।*। গুণাঃ।*। সদ্যোরুচিকরং বল্যং শীঘ্র মিন্দ্রিয় তর্পণং। ভা।

প্রপীড়নং ক্লীং—বিদারণ ব্রণ পূযাদি শুষ্ক করণং। শুক পুলটীয় ভাষা। তৎসাধনং দ্রব্যং যথা।।*। দ্রব্যানাং পিচ্ছিলা নাস্তু ত্বঙ্মূলানি প্রপীড়নং। যব গোধূম মাষাণাং চূর্ণা নিচ সমাসতঃ। সুশ্রু।

প্রপুনাড়ঃ
প্রপুন্নড়ঃ
প্রপুন্নাটঃ
প্রপন্নাড়ঃ
পুন্নালঃ } পুং চক্রমর্দ্দক্ষুপঃ। চাকুন্দে, এড়াঞ্চি ইতিচ ভাষা। রা

প্রপূরিকা স্ত্রী কণ্টকারী। শ।

প্রপৌণ্ডরীকং ক্লীং হস্তীনাং মনুষ্যাণাঞ্চ চক্ষুষ্য শালপর্ণী পত্র তুল্য পত্রঃ ক্ষুদ্র বিটপঃ। পুণ্ডরিয়া ভাষা।*। তৎপর্য্যায়ঃ।*। শীতং। শ্রীপুষ্পং। পুণ্ডরী। র। পুণ্ডর্য্যং। পৌণ্ডরীকং সুপুষ্পং। সানুজং। অনুজং।*। অস্যগুণাঃ।*। চক্ষুর্হিত, মধুর, তিক্ত, শীতল, পিত্তরক্ত ব্রণ জ্বর দাহ তৃষা নাশিত্বঞ্চ। রা।*। অপিচ।*। প্রপৌণ্ডরীকং পৌণ্ডর্য্যং চক্ষুষ্যং পৌণ্ডরীয়কং। পৌণ্ডর্য্যং মধুরং তিক্তং কষায়ং শুক্রলং হিমং। চক্ষুষ্যং মধুরং পাকে বর্ণ্যং পিত্ত কফাস্রনুৎ। অন্যং পুণ্ডরীশব্দে দ্রষ্টব্যং। ভা।

প্রপৌণ্ডরীকবর্গঃ—পুং মিলিত প্র-পৌণ্ডরীক মধুক পিপ্পলী চন্দনোৎ পলানি। পুণ্ডরিয়া যষ্টীমধু পেঁপুল চন্দন শুঁদিমূল ভাষা। সুশ্রু।

প্রবলঃ—পুং প্রস্তারঃ। পাথর ভাষা। পল্লবঃ। পাতা ভাষা। শব্দমা।

প্রবলা—স্ত্রীং প্রসারিণী। গন্ধ ভাদলা ভাষা।

প্রবালঃ—পুং পল্লবঃ। পাতা ভাষা। মে। রক্তবর্ণ সমুদ্র জাত রত্ন বিং,। পলা, মুঙ্গা ইতিচ ভাষা।*। তৎপর্য্যায়ঃ। বিদ্রুমঃ। অ। রক্তকন্দঃ। হে। রক্ত কন্দলঃ। ত্রি। অঙ্গার কমণিঃ। রক্তাঙ্গঃ। অম্ভোধিবল্লভঃ। ভৌমরত্নং। রক্তাকারঃ। লতামণি।*। অস্য গুণাঃ।*মধুর অম্ল, কফপিত্তাদি দোষ নাশি স্ত্রীণাং বীর্য্য কান্তিকর, ধৃতে মঙ্গল দায়িত্বঞ্চ। রা।*। অন্যচ্চ।*। সারক, শীত কষায়, স্বাদু, বান্তিকারি, কান্তিকারিচ পাঠ। চক্ষুর্হিত, ধারণে পাপালক্ষ্মী নাশিত্বঞ্চ। রাজ।*। অথ শুভপ্রবাল লক্ষণং যথা * শুদ্ধং দৃঢ়ঘনং বৃত্তং স্নিগ্ধং গাত্রং সুরঙ্গকং। সমং গুরু শিরাহীনং প্রবালং ধারয়েৎ শুভং।*। তস্যাশুভ লক্ষণং যথা।* গৌরং রঙ্গং জলাক্রান্তং বক্র সূক্ষ্মং সকোটরং। রুক্ষং কৃষ্ণং লঘু শ্বেতং প্রবাল মশুভং ত্যজেৎ। রা।*। তস্য শোধন বিধির্যথা।*। জয়ন্তী পত্রে আর্দ্রীকৃত্বা গজপুটে পচেৎ। (ভবতি।

প্রবালঃ—পুং জীবশাকঃ। সমুমালবদেশে

প্রবালচন্দনং
প্রবালফলং } ক্লীং রক্তচন্দনং। ভা।

প্রবালিকঃ—পুং জীব শাকঃ। রা।

প্রবেপকঃ
প্রবেপনঃ } পুং ক্লীং কম্পঃ। ভা।

প্রবোধনী
প্রবোধিনী } স্ত্রীং দুরালভা। রা।

প্রভঞ্জনঃ—পুং বায়ুঃ। অ।

প্রভদ্রঃ—পুং নিম্ববৃক্ষঃ। নিম্ব ভাষা। রা।

প্রভদ্রা—স্ত্রীং প্রসারণী। গন্ধভাদিলা ভাষা রা।

প্রভবং—ক্লীং স্বর্ণং।

প্রভা—স্ত্রীং দীপ্তিঃ। রা।

প্রভাকরঃ—পুং সূর্য্যঃ। অগ্নিঃ। চন্দ্রঃ। সমুদ্রঃ। শব্দর। অর্কবৃক্ষঃ। আকন্দ ভাষা। অ।

প্রভাকীটঃ—পুং খদ্যোতঃ। জোনাকে পোকা ভাষা। রা।

প্রভাঞ্জনঃ—পুং শোভাঞ্জন বৃক্ষঃ। সজনে ভাষা হে

প্রভাতং—ক্লীং প্রাতঃকালঃ। ভোরবেলা ভাষা

প্রভাবঃ—পুং তেজঃ। হে। রসাদি সাম্যে যং কর্ম্ম বিশিষ্টং তৎপ্রভাবজং দ্রব্যং। তেজাল ভাষা। *। যথা। *। দন্তীরসাদ্যৈ স্তুল্যাপি চিত্রকস্য বিরেচনী। মধূকস্যচ মৃদ্বীকা ঘৃতং ক্ষীবস্থ দীপনং। প্রভাবস্থ যথা ধাত্রী লকুচস্যরসাদিভিঃ। সমাপি কুরুতে দোষ ত্রিতয়স্য বিনাশনং। কেচিত্তু কেবলং দ্রব্যং কর্ম্ম কুর্য্যাৎ প্রভাবতঃ। জ্বরং হন্তি শিরো-বদ্ধা সহদেবী জটা যথা। আমী-মাংসান্য চিন্তানি প্রসিদ্ধানি স্বভাবতঃ। আগমে নোপ যোজ্যানি ভেষজানি বিচক্ষণৈঃ। প্রত্যক্ষলক্ষণ ফলাঃ প্রসিদ্ধাশ্চ স্বভাবতঃ। নৌষধী র্হেতুভির্ধীমান্ পরীক্ষেত কথঞ্চন। সহস্রেণাপি হেতূনাং নাম্বষ্ঠাদি র্বিরেচয়েৎ তস্মাৎ তিষ্ঠেত্তু মতিমা নাগমে নতু হেতুভিঃ। সুশ্রু।

প্রভিন্নঃ—পুং ক্ষরোন্মদ হস্তী। অ।

প্রভুঃ—পুং পারদঃ। পারাভাষা। রা।

প্রভুভক্তঃ—পুং উত্তমঘোটকঃ। শ।

প্রভ্রংশথুঃ—পুং ভ্রংশথুনাম নাসারোগঃ। ভ।

প্রমথঃ—পুং অশ্বঃ। শব্দর।

প্রমথনং— বিলোড়নং। টেপাভাষা।

প্রমথা—স্ত্রীং হরীতকী। মে।

প্রমথিতং—ক্লীং নির্জ্জলতক্রং। ঘোল ভাষা।

প্রমদঃ—পুং হর্ষঃ। অ। ধুস্তুরফলং। ধুৎরাফল ভাষা। শ।

প্রমদা—স্ত্রীং নারী। রা।

প্রমাথি—ত্রিং বীর্য্যাধিক্য দ্রব্য বিঃ,। *। লক্ষণং যথা। *। নিজবীর্য্যেণ যদ্দ্রব্যং স্রো। তোভ্যো দোষ সঞ্চয়ং। নিরস্যতি প্রমাথি স্যাৎ তদ্ যথা মরিচং বচা। ভা।

প্রমিত ভোজনং—ক্লীং অল্পভোজনং। নিয়মিত ভোজনং। নি।

প্রমীলা—স্ত্রীং তন্দ্রা। আবিল্লীভাষা। অ।

প্রমুখঃ—পুং পুন্নাগবৃক্ষঃ। শ।

প্রমেহঃ—পুং মেহ রোগঃ। ধাত খেরা ভাষা। তৎপর্য্যায়ঃ। * মেহঃ। মূত্রদোষঃ। রা। বহুমূত্রতা। হে। *। লক্ষণং যথা। *। আস্যসুখং স্বপ্ন সুখং দধীনি গ্রাম্যোদকা। নূপরসাঃ পয়াং সি। নবান্ন পানং গুড় বৈকৃতঞ্চ প্রমেহ হেতুঃ কফকৃচ্চ সর্ব্বং। মেদশ্চ মাংসঞ্চ শরীরজঞ্চ ক্লেদং কফো বস্তি গতং প্রদূষ্য। করোতি মেহান্ সমুদীর্ণ মুষ্ণৈ স্তানেব পিত্তংপরিদূষ্য চাপি। ক্ষীণেষু দোষে ষ্বকৃষ্য ধাতূন্ সংদূষ্য মেহান্ কুরুতেঽনিলশ্চ। সাধ্যাঃ কফোত্থা দশ পিত্তজঃ ষট্ যাপ্যা ন স্যাধ্যাঃ পবনা চ্চতুষ্কঃ। সমক্রিয়ত্বাদ্ বিষম ক্রিয়ত্বান্ মহা ত্যয় ত্বাচ্চ যথা ক্রমস্তে। কফশ্চ পিত্তং পবনশ্চ দোষা মে দোস্র শুক্রাম্বু বসা লসীকাঃ। মজ্জা রসৌজঃ পিশিতঞ্চ দূষ্যাঃ প্রমেহীনাং বিং-শতি রেব মেহাঃ। নি। অন্যচ্চ। *। স্বেদো ঽঙ্গ গন্ধঃ শিথিলা ঙ্গতাচ শয্যাসন স্বপ্ন সুখ রতিশ্চ। হৃন্নেত্র জিহ্বা শ্রবণোপদেহো ঘনাঙ্গতা কেশ নখাতি বৃদ্ধিঃ। শীত প্রিয়ত্বং গল তালু শোষো মাধুর্য্য মাস্যে কর পাদ দাহঃ। ভবিষ্যতো মেহ গদস্য রূপং মূত্রে-ঽভি ধাবন্তি পিপীলিকাশ্চ। চর।

প্রমোচনী স্ত্রীং গবাক্ষী। গোড়ুম্বাভাষা। জ।

প্রমোদঃ—পুং হর্ষঃ। অ।

প্রমোদকঃ—পুং ষষ্টিক ধান্য বিঃ, । সুশ্রু।

প্রমোদিনী—স্ত্রীং জিঙ্গিনী বৃক্ষঃ।

প্রমোদী (ন্)—পুং শালি ধান্যবিঃ,। রাধুনী পাগলাভাষা।

প্রযস্তং—পুং ঘৃত চাতুর্জাতাদিনা সংস্কৃত

প্রয়াগঃ —পুং অশ্বঃ। তীর্থভেদঃ। মে। ব্যঞ্জনং। অ।

প্রয়োগঃ —পুং অশ্বঃ। শব্দমা।

প্ররূঢ়ঃ —পুং জঠরং। পেট ভাষা। মে।

প্ররোহঃ—পুং অঙ্কুরঃ। হে।

প্ররোহা —স্ত্রীং শীতলী জটা। শিউলী ছোপ। ভাষা। [। ভাষা। ভা।

প্ররোহী (ন্) পুং স্থালীবৃক্ষঃ। বেলেপিপবহিন্দী

প্রলম্বং —ক্লীং স্বনাম খ্যাত দ্রব্যং। চক্র।

প্রলম্বঃ —পুং লতাঙ্কুরঃ। শাখা। ডাল ভাষা। ত্রপুষঃ। কাঁকুড় ভাষা। মে।

প্রলম্বা —স্ত্রীং দীর্ঘালাবূঃ। লম্বালাউ ভাষা।

প্রলাপ —পুং প্রলাপক সন্নিপাত রোগঃ। বাত-ব্যাধি বিঃ,। বৃথা বকাভাষা। *। লক্ষণং যথা। *। স্বহেতু কুপিতাদ্ বাতা দসংবন্ধ নিরর্থকং। বচনং যন্নরো কুতে সপ্রলাপঃ প্রকীর্ত্তিতঃ। ভা।

প্রলাপকঃ —পুং ত্রয়োদশ সন্নিপাতান্তর্গত সন্নিপাত বিঃ। *। লক্ষণং যথা। *। যত্রজ্বরে নিখিল দোষ নিতান্ত রোষ জাতে প্রলাপ বহুলাঃ সহসোত্থিতাশ্চ। কম্পব্যথা পতন দাহ বিসংজ্ঞতাঃ স্যু র্নাম্না প্রলাপক ইতি প্রথিতঃ পৃথিব্যাং। *। অন্যচ্চ। *। প্রলাপ তাপ কর্ণার্ত্তিঃ প্রজ্ঞা নাশোহতি তাপবান্। জ্ঞেয়ঃ প্রলাপক শ্চিহ্নৈঃ সন্নিপাতোহতি দায়কঃ। ভা।

প্রলাপহা (ন্) পুং কুলত্থাঞ্জনং। রা।

প্রলাপী (ন্) পুং তন্ত্রান্তরান্তর্গত সন্নিপাত রোগ বিঃ। *। লক্ষণং যথা। *। স্বেদ ভ্রমাঙ্গ ভেদাঃ কম্পো দবথুর্বমি ব্যথা কণ্ঠে। গাত্র-গুরুতীব প্রলাপিজুষ্টৈ জায়তে লিঙ্গং। ভা।

প্রলেপঃ —পুং লেপনদ্রব্যবিঃ। লেপার জিনিষ ভাষা। *। যথা। *। মাতুলুঙ্গাগ্নি মন্থোচ দেব দারু মহৌষধং। অহিংস্রাচেব রাস্নাচ প্রলেপো বাত শোফ হৃৎ। অন্যং লেপশব্দে দ্রষ্টব্যং। সুশ্রু।

প্রলেপকঃ —পুং বিষমজ্বর বিঃ। *। লক্ষণং যথা। *। প্রলিম্পন্নিব গাত্রানি ঘর্ম্মেণ গৌরবেণচ। মন্দজ্বর বিলেপীচ স শীতঃ স্যাৎ প্রলেপকঃ। নি।

প্রলেহঃ —পুং ব্যঞ্জন বিঃ,। দম্পোক্তা, কোর্ম্মা ইতিচ পারস্য ভাষা। পাকরাজে।

প্লবগঃ
প্লবঙ্গম } পুং বানরঃ। শব্দর। (ক্ষীণঃ। ধ।

প্রবণঃ — ত্রিং উদরং। পেটভাষা। মে।

প্রবয়ণং —ক্লীং প্রতোদঃ। চাবুক ভাষা। হে।

প্রবরং—ক্লী অগুরুকাষ্ঠং। ভা।

